বাংলাদেশ স্কাউটস এর মাসিক মুখপত্র

# অগ্রদূত ®

# AGRADOOT

বর্ষ ৬৭, সংখ্যা ১১, কার্তিক-অগ্রহায়ণ ১৪৩০, নভেম্বর ২০২৩


সোশ্যাল মিডিয়ায় স্কাউটিং এর মার্কেটিং ও ব্র্যান্ডিং বিষয়ক ওয়ার্কশপে অংশগ্রহণকারীবৃন্দ



জাতীয় ফটোগ্রাফি কনটেস্ট ২০২০, ২০২১, ২০২২ এবং ২০২৩ এর পুরস্কার গ্রহণকারী রোভার স্কাউট ও স্কাউটারবৃন্দের একাংশ


কনটেন্ট রাইটিং ওয়ার্কশপে অংশগ্রহণকারীবৃন্দ



প্রথম জাতীয় কনটেন্ট রাইটিং প্রতিযোগিতায় পুরস্কার প্রাপ্ত স্কাউট, রোভার স্কাউট ও স্কাউটারবৃন্দের একাংশ

## বাংলাদেশ স্কাউটস

## স্কাউট প্রতিজ্ঞা ও স্কাউট আইন

### স্কাউট প্রতিজ্ঞা

**আমি আমার আত্মমর্যাদার উপর নির্ভর করে প্রতিজ্ঞা করছি যে**

- আল্লাহ্ ও আমার দেশের প্রতি কর্তব্য পালন করতে
- সর্বদা অপরকে সাহায্য করতে
- স্কাউট আইন মেনে চলতে

**আমি আমার যথাসাধ্য চেষ্টা করব।**

### স্কাউট আইন

- স্কাউট আত্মমর্যাদায় বিশ্বাসী
- স্কাউট সকলের বন্ধু
- স্কাউট বিনয়ী ও অনুগত
- স্কাউট জীবের প্রতি সদয়
- স্কাউট সদা প্রফুল্ল
- স্কাউট মিতব্যয়ী
- স্কাউট চিন্তা, কথা ও কাজে নির্মল।

## আপনার সন্তান কেন স্কাউট হবে?

- স্কাউটিং নিয়মানুবর্তী হতে সাহায্য করে
- স্কাউটিং চরিত্র গঠনে সহায়ক
- স্কাউটিং সৎ ও সত্যবাদী হওয়ার শিক্ষা দেয়
- স্কাউটিং শরীর সুস্থ্য ও সবল করে
- স্কাউটিং ছেলে-মেয়েদের চৌকষ করে গড়ে তোলে
- স্কাউটিং বিশ্ব ভ্রাতৃত্ব ও বন্ধুত্বের সুযোগ সৃষ্টি করে
- স্কাউটিং ছেলে-মেয়েদের আত্মনির্ভরশীল করে গড়ে তোলে
- স্কাউটিং বিনয় ও ধৈর্য্য শিক্ষা দেয়
- স্কাউটিং ছেলে- মেয়েদের কর্মঠ ও শ্রমের মর্যাদা শেখায়
- স্কাউটিং সমাজ হিতৈষী নাগরিক সৃষ্টি করে
- স্কাউটিং ছেলে- মেয়েদের পরোপকারী ও জনসেবায় উদ্বুদ্ধ করে
- স্কাউটিং ছেলে- মেয়েদের অবসর গঠনমূলক কাজে লাগিয়ে মূল্যবোধের অবক্ষয় রোধে সাহায্য করে।

প্রধান উপদেষ্টা
ড. মো. মোজাম্মেল হক খান
সম্পাদক
মোঃ আবদুল হক
সম্পাদনা পরিষদ
আখতারুজ জামান খান কবির
এম এম ফজলুল হক আরিফ
মোহাম্মদ আতিকুজ্জামান রিপন
জনাব মোঃ ফসিউল্লাহ
আই কে সেলিম উল্লাহ খোন্দকার
সুপ্রিয়া ভট্টাচার্য
মোহাম্মদ মঈনুদ্দিন মিয়া
মীর মোহাম্মদ ফারুক
নির্বাহী সম্পাদক
রাসেল আহমেদ
সহ-সম্পাদক
জন্মজয় কুমার দাশ
মাইনুল হোসেন
মো. আবু হাসনাত
মোঃ রাকিবুল ইসলাম
রাজমিন আক্তার
মাহী আক্তার মীম
চিত্রশিল্পী
মতুরাম চৌধুরী
প্রচ্ছদ ও গ্রাফিক্স
মো: ইব্রাহিম
ট্রিম কেয়ার
প্রিন্টিং অ্যান্ড প্রেস
সৃষ্টি প্রিন্টিং এন্ড প্যাকেজিং
বিনিময় মূল্য
বিশ টাকা
বাংলাদেশ স্কাউটস
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড
কাকরাইল, ঢাকা-১০০০।
ফোন: ০২-২২২২২২২২-৬
পিএবিএক্স, সম্প্রসারণ-১৫৩
মোবাইল: ০১৭১২-৭৫৫০১৯ (বিকাশ নম্বর)
ই-মেইল
agradoot@scouts.gov.bd
মাসিক অগ্রদূত বাংলাদেশ স্কাউটসের ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে
ক্লিক করুন
www.scouts.gov.bd
www.agradoot.com.bd

■ বর্ষ ৬৭ ■ সংখ্যা ১১
■ কার্তিক-অগ্রহায়ণ ১৪৩০
■ নভেম্বর ২০২৩

বাংলাদেশ স্কাউটস এর মুখপত্র
অগ্রদূত®
AGRADOOT

## সম্পাদকীয়

সুপ্রিয় পাঠক, আমাদের পক্ষ থেকে উষ্ণ অভিবাদন গ্রহণ করুন। আপনারা জানেন, স্কাউটিং হলো জীবনের জন্য শিক্ষা। স্কাউটরা সর্বদা তাদের সতীর্থদের চেয়ে এক কদম এগিয়ে থাকে। সহপাঠ্যক্রমিক কার্যক্রম হিসেবে প্রচলিত পাঠ্যক্রমের নির্দিষ্ট সিলেবাসের পাশাপাশি স্কাউটদের বিশেষ একটি সিলেবাস (প্রোগ্রাম) স্তর ভিত্তিকভাবে সুসম্পন্ন করে এগিয়ে যেতে হয়। এতে করে তাদের আত্মিক, আধ্যাত্মিক, বুদ্ধিবৃত্তিক, সামাজিক প্রভৃতি চেতনার উন্মেষ ঘটে এবং তারা বিভিন্ন দিকে দক্ষ ও কৌশলী হয়ে উঠে যা তাদের পেশাগত জীবনে সহায়ক ভূমিকা পালন করে। বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে জ্ঞান-বিজ্ঞান-প্রযুক্তিগত দিকের দক্ষতা অর্জন ও তথ্যগত দিক থেকে সমৃদ্ধ হয়ে উঠবার কোন বিকল্প নাই। এই সকল দিক বিবেচনায় স্কাউটদের সময়োপযোগী দক্ষতা অর্জনের লক্ষ নিয়ে বাংলাদেশ স্কাউটস এর বিভিন্ন বিভাগ সুপরিকল্পিত উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করে চলেছে। বছরব্যাপী আয়োজন করা হচ্ছে বিষয়ভিত্তিক বিভিন্ন কর্মশালা এবং স্বল্পমেয়াদী প্রশিক্ষণের। কনটেন্ট লিখন, আলোকচিত্র, ভিডিওগ্রাফি, আইন ও বিধি, সাংবাদিকতা, সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার, গবেষণা, ই-কমার্স, ডিজিটাল মার্কেটিং, গ্রাফিক্স ডিজাইনিং, অনুষ্ঠান ও সংবাদ উপস্থাপনা বিষয়ক প্রভৃতি  কর্মশালা ও প্রশিক্ষণ কর্মসূচিগুলো স্কাউট এবং স্কাউটারদের মধ্যে ইতোমধ্যে বেশ জনপ্রিয় হয়ে উঠেছে । সময়ের চাহিদা মোতাবেক এই সকল প্রশিক্ষণ কর্মসূচি অব্যাহত থাকবে ।

আমরা বিশ্বাস করি তরুণরা এগিয়ে গেলে বদলে যাবে দেশ, সমৃদ্ধ হবে সমাজ, উন্নয়ন ঘটবে স্কাউটিংয়ের। তরুণরা পঞ্চশীলা ত্যাগ করে হয়ে উঠবে আগামীদিনের কর্ণধার ।

জয় হোক তারুণ্যের, জয় হোক স্কাউটংয়ের ।

# সূচীপত্র


| | |
|---|---|
| সম্পাদকীয় | 01 |
| সূচীপত্র | 02 |
| প্রতিবেদন : সোশাল মিডিয়ায় স্কাউটিং এর মার্কেটিং ও ব্র্যান্ডিং ওয়ার্কশপ | 03 |
| প্রতিবেদন : জাতীয় ফটোগ্রাফি কনটেস্ট ২০২০, ২০২১, ২০২২ এবং ২০২৩ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান | 04 |
| প্রতিবেদন : লেখালেখির দক্ষতা বৃদ্ধিতে কনটেন্ট রাইটিং ওয়ার্কশপ অনুষ্ঠিত | 05-06 |
| ফিচার : জাতীয় সংবিধান দিবস পালিত | 07-08 |
| ফিচার : চ্যাটজিপিটির আদ্যোপান্ত | 09-10 |
| ফিচার : "জীবন জাগে স্পন্দনে" | 11-12 |
| ভ্রমণ কাহিনী : আমার দেখা দক্ষিণ কোরিয়ায় অনুষ্ঠিত ২৫তম বিশ্ব স্কাউট জাম্বুরী | 13-14 |
| সাম্প্রতিক বিশ্ব | 15-16 |
| ফটো গ্যালারী | 17-24 |
| বিজ্ঞান ও প্রযুক্তি : অব্যবহৃত জিমেইল অ্যাকাউন্ট মুছে ফেলবে গুগল, যেভাবে নিজেরটা সচল রাখবেন | 25 |
| খেলাধুলা : ক্রিকেট বিশ্বকাপ ২০২৩ এ ৫ ম্যাচে আম্পায়ারিং করেন শরফুদ্দৌলা | 26 |
| স্বাস্থ্য কথা : জেনে নিন শীতে কালো গোলমরিচের উপকারিতা | 27 |
| কবিতা : নক্ষত্র | 28 |
| স্কাউট কলাম : আমি কেন কাব স্কাউট হলাম | 29 |
| স্কাউট সংবাদ | 30-40 |


## অগ্রদূত লেখকদের প্রতি

অগ্রদূত আপনার পত্রিকা। বছরের যে কোন সময়ে অগ্রদূত এর জন্য লেখা পাঠাতে পারেন। আপনার এলাকার যে কোন স্কাউট সংবাদ, স্থানীয়, আঞ্চলিক বা জাতীয় কোন অনুষ্ঠানে স্কাউটদের সম্পৃক্ততার বিষয়ে প্রতিবেদন বা সংবাদ পাঠাতে পারেন। লিখতে পারেন আপনার কোন স্মৃতিকথা, গল্প, কবিতা, ভ্রমণ কাহিনী, প্রবন্ধ বা নিবন্ধ । উত্তম ও দক্ষ, কাব-স্কাউট, রোভার, গার্ল ইন স্কাউট এর সদস্যদের সাক্ষাৎকার অগ্রদূত-এ প্রকাশ করা হয়। এ সাক্ষাতকার স্কাউট/রোভারবৃন্দের যে কেউ তৈরি করে ছবিসহ পাঠালে তা যত্নের সাথে প্রকাশ করা হবে। লক্ষ্য রাখবেন, আপনার লেখা যেন অগ্রদূত পাঠকদের জন্য উপযোগী হয়। কাগজের এক পৃষ্ঠায় পরিষ্কার হস্তাক্ষরে বা কম্পিউটার কম্পোজ করে লেখা পাঠাতে হবে। কাগজের উভয় পৃষ্ঠায় লিখে পাঠানো হলে তা প্রকাশ করা সম্ভব নয়। লেখা বা সংবাদের সাথে ছবি থাকলে ভাল হয়, ছবি অবশ্যই পরিষ্কার হতে হবে। ছবির চারপাশে কোন প্রকার ডিজাইন বা বর্ডার দেবেন না। তবে কেউ ছবি পাঠালে তার সাথে ক্যাপশন বা বিবরণ লিখে দিবেন। সে সাথে আপনার পূর্ণ ঠিকানা এবং ফোন/মোবাইল নম্বর উলেখ থাকতে হবে।
অসম্পূর্ণ বা ঠিকানাবিহীন কোন লেখা প্রকাশ করা হবে না। অমনোনীত লেখা ফেরৎ দেয়া হয় না ।

- সম্পাদক, অগ্রদূত

লেখা ই-মেইল করে পাঠানোর ঠিকানা: agradoot@scouts.gov.bd
ডাকযোগে: সম্পাদক, অগ্রদূত, বাংলাদেশ স্কাউটস, ৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০।

# সোশাল মিডিয়ায় স্কাউটিং এর মার্কেটিং ও ব্র্যান্ডিং ওয়ার্কশপ






জনসংযোগ ও মার্কেটিং বিভাগের আয়োজনে ১৮ নভেম্বর, ২০২৩ (শনিবার) জাতীয় সদর দফতরের শামস হলে "সোশাল মিডিয়ায় স্কাউটিং এর মার্কেটিং ও ব্র্যান্ডিং ওয়ার্কশপ" অনুষ্ঠিত হয়।

জনসংযোগ ও মার্কেটিং বিভাগের জাতীয় কমিশনার এম ফজলুল হক আরিফ এর সভাপতিত্বে ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খান, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় কমিশনার (প্রোগ্রাম) জনাব মোহাম্মদ আতিকুজ্জামান রিপন। অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন জাতীয় উপ কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং), জনাব মীর মোহাম্মদ ফারুক নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব উনু চিং এবং পরিচালক (জনসংযোগ ও মার্কেটিং) জনাব এএইচএম শামসুল আজাদ।

দিনব্যাপী কর্মশালায় সেশন পরিচালনা করেন জাতীয় কমিশনার (স্ট্র্যাটেজিক প্ল্যানিং ও গ্রোথ) জনাব সরোয়ার মোহাম্মদ শাহরিয়ার, জাতীয় কমিশনার (প্রোগ্রাম) জনাব মোহাম্মদ আতিকুজ্জামান রিপন, জাতীয় পিআরএম টাস্কফোর্স কো-অর্ডিনেটর (ফটোগ্রাফি ও ভিডিওগ্রাফি টিম) জনাব আরমান হোসেন এবং ডিজিটাল টিম এর কো-অর্ডিনেটর জনাব জিএম ইফতেখার ইফতি।

কর্মশালায় সারাদেশ থেকে ৮০ জন ইয়াং অ্যাডাল্ট লিডার ও রোভার স্কাউট অংশগ্রহণ করেন। সমাপনী অনুষ্ঠান ও সার্টিফিকেট বিতরণ এর মধ্য দিয়ে দিনব্যাপী ওয়ার্কশপটি শেষ হয়।

■ আগ্রদূত ডেস্ক








# জাতীয় ফটোগ্রাফি কনটেস্ট ২০২০, ২০২১ ২০২২ এবং ২০২৩ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান

প্রতিবেদন





১৮ নভেম্বর ২০২৩ তারিখ বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দফতরের শামস হলে জাতীয় ফটোগ্রাফি কনটেস্ট ২০২০, ২০২১, ২০২২ এবং ২০২৩ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজন করে জনসংযোগ ও মার্কেটিং বিভাগ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খান। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় কমিশনার (প্রোগ্রাম) জনাব মোহাম্মদ আতিকুজ্জামান রিপন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং), জনাব এম এম ফজলুল হক আরিফ, আরো উপস্থিত ছিলেন জাতীয় উপ কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং), জনাব মীর মোহাম্মদ ফারুক এবং নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) জনাব উনু চিং।

এ সময়ে তৃতীয় হতে ষষ্ঠ জাতীয় ফটো কন্টেস্টের বিজয়ীরা অতিথিদের হাত থেকে পুরস্কার গ্রহণ করেন।

■ অগ্রদূত ডেস্ক



# লেখালেখির দক্ষতা বৃদ্ধিতে কনটেন্ট রাইটিং ওয়ার্কশপ অনুষ্ঠিত





রোভার স্কাউট ও তরুণ স্কাউটারদের লেখালেখির বিভিন্ন ধরন জানা, লেখার মান উন্নয়ন এবং লেখার দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ স্কাউটস জনসংযোগ ও মার্কেটিং বিভাগের আয়োজনে এবং কনটেন্ট রাইটিং টিমের সহযোগীতায় বাংলাদেশ স্কাউটস-এর জাতীয় সদর দফতরের শামস হলে দিনব্যাপী "কনটেন্ট রাইটিং ওয়ার্কশপ" অনুষ্ঠিত হয় ।

১৭ নভেম্বর, ২০২৩, শুক্রবার সকালে উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ স্কাউটসের জাতীয় উপকমিশনার (জনসংযোগ ও মার্কেটিং) জনাব মীর মোহাম্মদ ফারুক এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস-এর জাতীয় কমিশনার (জনসংযোগ ও মার্কেটিং) এম এম ফজলুল হক আরিফ।আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস এর জনসংযোগ ও মার্কেটিং বিভাগের পরিচালক এ এইচ এম শামসুল আজাদ।

জাতীয় পিআরএম কনটেন্ট রাইটিং টিমের টিম কো-অর্ডিনেটর জন্মজয় কুমার দাশ, ডেপুটি কো অর্ডিনেটর এম এইচ মুন্না সহ কনটেন্ট টিমের সহকারী কো অর্ডিনেটরবৃন্দ।

কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে প্রধান অতিথি এম এম ফজলুল হক আরিফ বলেন, "আয়ুর সাথে সম্পর্ক চিন্তা এবং কথার। সবসময় ইতিবাচক চিন্তা করতে হবে।" তিনি আরো বলেন, "অর্থহীন কথার সৃষ্টি অনাসৃষ্টি করছে। কথা বলা যদি হয় রূপার মতো, চুপ করে থাকার তুলনা হয় সোনার সাথে।"

সভাপতির বক্তব্যে মীর মোহাম্মদ ফারুক




বলেন, “শৈল্পিক ও গঠনমূলক কথায় সৃষ্টির অগ্রগতি সাধিত হয়।”

ওয়ার্কশপে দেশের বিভিন্ন প্রান্ত থেকে আসা মোট ৮০ জন রোভার ও তরুণ স্কাউটার অংশগ্রহণ করেন। ওয়ার্কশপে সংবাদ লিখন ও তার কৌশল, ফিচার, প্রেস রিলিজ, বাণী লিখা এবং উপস্থাপনা, সাময়িকী, ক্রোড়পত্র, ম্যাগাজিন, স্মরনীকা, বুলেটিনসহ ইত্যাদি বিষয়ে সেশন নেয়া হয়। ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে ১ম কনটেন্ট রাইটিং প্রতিযোগিতায় স্তরভিত্তিক বিজয়ীদের মধ্যে সনদ ও পুরস্কার বিতরণ করা হয়। ওয়ার্কশপ শেষে প্রত্যেক অংশগ্রহণকারীকে সনদপত্র প্রদান করা হয়

সংবাদ প্রেরক:
রোভার বাঁধন কৃষ্ণ হালদার
সহকারী কো অর্ডিনেটর, পিআরএম কনটেন্ট টিম
বাংলাদেশ স্কাউটস



# জাতীয় সংবিধান দিবস পালিত




৪ নভেম্বর জাতীয় সংবিধান দিবস। 'বঙ্গবন্ধুর ভাবনা সংবিধানের বর্ণনা' প্রতিপাদ্য নির্ধারণ করে এ বছর দিবসটি পালন করার জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। এ উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় সংবিধান দিবসের তাৎপর্য তুলে ধরে পৃথক বাণী দিয়েছেন।

মহামান্য রাষ্ট্রপতি তাঁর বাণীতে বলেন, 'আমি আশা করি জাতীয় সংবিধান দিবস পালনের মাধ্যমে এ দেশের জনগণ সংবিধানে বিধৃত তাদের অধিকার ও কর্তব্য সম্পর্কে সচেতন হবে এবং রাষ্ট্রের নির্বাহী বিভাগ, আইন বিভাগ ও বিচার বিভাগের সদস্যরা তাদের দায়িত্ব পালনের প্রতিটি ক্ষেত্রে সংবিধানের বিধানাবলি সঠিকভাবে অনুসরণ করবে।'

মাননীয় প্রধানমন্ত্রী তাঁর বাণীতে বলেন, 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুদূরপ্রসারী ও বলিষ্ঠ নেতৃত্বে গণতন্ত্র ও আইনের শাসন নিশ্চিতের লক্ষ্যে স্বাধীনতা লাভের অতি অল্প সময়ে সংবিধান প্রণয়ন বাঙালি জাতীয় জীবনে অত্যন্ত তাৎপর্য।'

'জাতীয় সংবিধান দিবস ২০২৩' উপলক্ষে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে। দিবসটির তাৎপর্য তুলে ধরে ৪ নভেম্বর, ২০২৩ বেলা ১১টায় আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ রাজধানীর হোটেল র‍্যাডিসান ব্লু ওয়াটার গার্ডেনে একটি সেমিনারের আয়োজন করে। এতে জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী প্রধান অতিথি হিসেবে যোগ দেন। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

সেমিনারে আলোচক হিসেবে উপস্থিত ছিলেন আইন কমিশনের সদস্য বিচারপতি




এটিএম ফজলে কবীর এবং আইন ও বিচার বিভাগের সচিব মো. গোলাম সারওয়ার। স্বাগত বক্তব্য রাখেন লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের মো. মইনুল কবির এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডিন অধ্যাপক ড. এস এম মাসুম বিল্লাহ। অনুষ্ঠানে বিভিন্ন দেশের কূটনীতিকবৃন্দ, সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থা থেকে আগত অতিথিবৃন্দ, নাগরিক সমাজের প্রতিনিধিসহ সুধীজনরা উপস্থিত ছিলেন।

এছাড়া উক্ত দিন সাড়ে তিনটায় বাংলাদেশ সুপ্রিম কোর্টে জাতীয় সংবিধান দিবস উপলক্ষে এক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে মালদ্বীপের প্রধান বিচারপতি উজ. আহমেদ মুখাসিম আদনান প্রধান অতিথি, বাংলাদেশের প্রধান বিচারপতি ওবায়দুল হাসান সভাপতি এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক বিশেষ অতিথি হিসেবে যোগ দেন।

দিবসটি উপলক্ষে জাতীয় দৈনিক পত্রিকায় বিশেষ ক্রোড়পত্র প্রকাশ ছাড়াও রাজধানীর বিভিন্ন স্থানে পোস্টার ও ব্যানার প্রদর্শন এবং লিফলেট বিতরণের উদ্যোগ নেওয়া হয়। সারা দেশের জেলা প্রশাসনের উদ্যোগে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়।

উল্লেখ্য, এবছর দ্বিতীয় বারের মতো দিবসটি উদযাপন করা হচ্ছে। গত বছর ০৪ নভেম্বর, ২০২২ তারিখকে 'ক' শ্রেণির জাতীয় সংবিধান দিবস হিসেবে ঘোষণা করা হলে প্রথমবারের মতো দিবসটি উদযাপন করা হয় । স্বাধীনতালাভের পর ১৯৭২ সালের ৪ নভেম্বর গণপরিষদে বাংলাদেশের সংবিধান গৃহীত এবং একই বছরের ১৬ ডিসেম্বর থেকে তা কার্যকর হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন। গত বছর সংবিধান প্রণয়নের সুবর্ণজয়ন্তীতে ৪ নভেম্বরকে 'জাতীয় সংবিধান দিবস' হিসেবে ঘোষণা করে সরকার।

শিল্পাচার্য জয়নুল আবেদিন বঙ্গবন্ধুকে সংবিধানের মূল কপি হস্তান্তর করছেন। ছবি : সংগৃহীত

সূত্র: বাসস

■ অগ্রদূত ডেস্ক

# চ্যাটজিপিটির আদ্যোপান্ত



বর্তমানে বিশ্বে সবচেয়ে আলোচিত প্রযুক্তি হচ্ছে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (AI) বা কৃত্রিম বুদ্ধিমত্তা। চ্যাট জিপিটি (Chat GPT) যা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স দ্বারা তৈরি করা এক ধরনের চ্যাট বট। এটি OpenAI দ্বারা তৈরি একটি অত্যাধুনিক ভাষা প্রক্রিয়াকরণ সার্চ টুল। এটি মানুষের মতো টেক্সট তৈরি করতে সক্ষম এবং ব্যবহারকারীর যেকোন ধরনের প্রশ্নের উত্তর গঠনমূলক এবং সহজ ভাবে প্রদর্শন করতে পারে।

চ্যাট জিপিটি কি?

Chat GPT হল একটি প্রাক-প্রশিক্ষিত ভাষা মডেল যা OpenAI দ্বারা তৈরি এক ধরনের চ্যাট বট। এটি GPT-3 (জেনারেটিভ প্রি-ট্রেইনড ট্রান্সফরমার ৩) মডেলের একটি রূপ যা কথোপকথন এবং ভাষা বোঝার কাজ যেমন টেক্সট জেনারেশন, প্রশ্নের উত্তর দেওয়া এবং ভাষা অনুবাদের জন্য সুপ্রশিক্ষিত। Chat GPT এর পূর্ণরুপ হল Chat Generative Pre-trained Transformer।

এটিকে প্রচুর পরিমাণে বিভিন্ন টেক্সট ডেটার উপর প্রশিক্ষিত করা হয়েছে। এটি বিভিন্ন বিষয়ের উপর সুসংগত এবং সাবলীল তথ্য তৈরি করতে সক্ষম। চ্যাট জিপিটি-এর মাধ্যমে আপনি প্রবন্ধ, স্ক্রিপ্ট, সিভি, কভার লেটার, জীবনী, আবেদনপত্র এবং কোডিং ইত্যাদি খুব সহজেই লিখতে পারবেন।

২০১৯ সালের জুনে, GPT-3 (Generative Pre-trained Transformer- 3) মডেলটি প্রথম ঘোষণা করা হয় এবং নভেম্বরে OpenAI API-এর মাধ্যমে সীমিত সংখ্যক পরীক্ষককে কাছে এটিকে উন্মুক্ত করা হয়। মডেলটিকে ৫৭০এই-এর বেশি টেক্সট ডেটার ডেটাসেটে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল।

২০২০ সালের অক্টোবরে, OpenAI GPT-3 মডেলের "Chat-GPT" নামে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স দ্বারা তৈরি করা এক ধরনের চ্যাট বট প্রকাশ করে। মডেলটি কথোপকথন এবং ভাষা বোঝার জন্য বিশেষভাবে প্রশিক্ষিত ছিল।

২০২২ সালের নভেম্বরে, OpenAI পারফরম্যান্সের উন্নতি এবং আপডেট সহ ChatGPT-এর একটি নতুন সংস্করণ প্রকাশ করে। OpenAI GPT মডেলগুলির উন্নতি অব্যাহত রেখেছে। তারা জিপিটি-৪ (এখনও প্রকাশিত হয়নি) নামে আরেকটি মডেল তৈরি করতেছে যা আরও উন্নত ক্ষমতা, নির্ভুল এবং বহুমুখী হবে বলে আশা করা হচ্ছে।

Chat GPT এর বৈশিষ্ট্য:

- কথোপকথনে প্রাকৃতিক ভাষা ইনপুট বোঝার এবং প্রতিক্রিয়া জানানোর ক্ষমতা।
- এটি কথোপকথনের সুরে প্রশ্নের স্বাভাবিক উত্তর দিতে পারে এবং কথোপকথন চালিয়ে যেতে পারে।
- এটি এমনকি গল্প এবং কবিতার মতো সৃজনশীল পাঠ্য তৈরি করতে পারে।
- এটি ডেভেলপারদের বিভিন্ন ভাষা মডেল তৈরিতে এবং প্রোগ্রামিংয়ে ভুল চিহ্নিত করতে সাহায্য করে।
- এটি বিভিন্ন অ্যাপিকেশন যেমন চ্যাটবট, ভার্চুয়াল সহকারী এবং ভাষা অনুবাদ সিস্টেমে ব্যবহার করা যেতে পারে।
- এটি টেক্সট বক্সে মানুষের মতো প্রতিক্রিয়া তৈরি করতে পারে।
- ন্যাচারাল ল্যাঙ্গুয়েজ প্রসেসিং এবং কথোপকথন।

Chat GPT এর সুবিধা:

আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (AI) এর টুল হিসেবে Chat GPT ব্যবহার করার অনেক সুবিধা রয়েছে।


উচ্চ-মানের টেক্সট জেনারেশন : Chat GPT প্রচুর পরিমাণে টেক্সট ডেটার উপর প্রাক-প্রশিক্ষিত। এটি বিভিন্ন বিষয়ের উপর সুসংগত এবং সাবলীল পাঠ তৈরি করতে পারে।

কথোপকথন বোঝা : চ্যাটজিপিটি কথোপকথন এবং ভাষা বোঝার কাজগুলির জন্য প্রশিক্ষিত। এটি চ্যাটবট এবং ভার্চুয়াল সহকারী তৈরির জন্য উপযুক্ত করে তোলে।

ভাষা প্রক্রিয়াকরণে : চ্যাটজিপিটি বিভিন্ন প্রাকৃতিক ভাষা প্রক্রিয়াকরণের জন্য ব্যবহার করা যেতে পারে যেমন পাঠ্য তৈরি, প্রশ্নের উত্তর এবং ভাষা অনুবাদ ইত্যাদি।

উন্নত কর্মক্ষমতা : ওপেনএআই নিয়মিতভাবে ChatGPT মডেলের আপডেট এবং উন্নতি প্রকাশ করে, সময়ের সাথে সাথে এর








কর্মক্ষমতা এবং ক্ষমতা বৃদ্ধি করে।

Chat GPT এর অসুবিধা

ChatGPT প্রাকৃতিক ভাষা প্রক্রিয়াকরণ এবং কথোপকথনমূলক এআই-এর জন্য একটি শক্তিশালী টুল হলেও এর কিছু অসুবিধা রয়েছে।

কথার প্রসঙ্গ না বোঝা : Chat-GPT কথোপকথনের প্রেক্ষাপট এবং উদ্দেশ্য বোঝার ক্ষেত্রে বিভ্রান্তিমূলক বা অর্থহীন প্রতিক্রিয়া দিতে পারে।

সীমিত যোগ্যতা : Chat-GPT কোনো ত্রুটি বা পক্ষপাত সনাক্ত করা এবং এর সমাধান করার যোগ্যতা নাও থাকতে পারে।

সীমিত জ্ঞান : এটি বিশেষ করে ২০২১ সালের পরের কোন তথ্য, ঘটনা সরবরাহ করতে পারে না।

সৃজনশীলতার অভাব : যেহেতু মডেলটি প্রাক-প্রশিক্ষিত এবং ইনপুটের উপর ভিত্তি করে আউটপুট তৈরি হয়, এতে সৃজনশীলতা এবং মৌলিকতার অভাব থাকতে পারে। এটি একই উত্তর বারবার পুনরাবৃত্তি করতে পারে।

ভৌত বা বাস্তব জগত সম্পর্কে না জানা : চ্যাটজিপিটি টেক্সট ডেটার উপর প্রশিক্ষিত এবং ফলে ভৌত জগত সম্পর্কে এর কোন বোঝাপড়া নেই।

ইন্টারনেটের উপর নির্ভরতা : ChatGPT-এর কাজ করার জন্য একটি ইন্টারনেট সংযোগ প্রয়োজন, যা নির্দিষ্ট পরিস্থিতিতে বা পরিবেশে সমস্যা হতে পারে।

ভূল তথ্য সরবরাহ : ChatGPT অনেক সময় ভুল তথ্য দিতে পারে।

চ্যাটজিপিটি-তে অ্যাকাউন্ট করবেন কীভাবে?

প্রথমে আপনাকে OpenAI ওয়েবসাইটের মাধ্যমে একটি অ্যাকাউন্ট খুলতে হবে।

প্রথমে OpenAI ওয়েবসাইটে যান: https://openai.com/

এরপর Sign up বা Register বাটনে ক্লিক করুন।

এখন একটি ফর্ম আসবে। সেখানে নাম, ই-মেইল ঠিকানা এবং পাসওয়ার্ড লিখে ফিল আপ করুন।

আপনার ই-মেইল আইডিতে একটি ভেরিফাই লিঙ্ক আসবে।

এরপর আপনার মেইল থেকে OpenAI থেকে পাঠানো ইমেইলটি খুলে, সেখানে থাকা ভেরিফায়েড লিঙ্কে ক্লিক করতে হবে। অ্যাকাউন্ট ভেরিফায়েড হয়ে গেলে আপনি OpenAI এর সেবাগুলো ব্যবহার করতে পারেন।

হয়ে গেলো আপনার অ্যাকাউন্ট ওপেন। এরপর আপনিও চ্যাট জিপিটিতে আপনার যেকোনো প্রশ্ন থাকলে করে ফেলতে পারেন। সর্বশেষ বহুল আলোচিত কৃত্রিম বুদ্ধিমত্তার চ্যাটবট চ্যাটজিপিটির নির্মাতা ও প্রধান নির্বাহী কর্মকর্তা ছিলেন স্যাম অল্টম্যান। তাঁকে সাম্পতিক সময় বরখাস্ত করেছে ওপেনএআই। তার বিরুদ্ধে অভিযোগ, তিনি প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদের আস্থা অর্জনে ব্যর্থ হয়েছেন।

এখন ওপেনএআইয়ের অন্তর্বর্তীকালীন প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) হিসেবে দায়িত্ব নিয়েছেন এর চিফ টেকনিশিয়ান অফিসার হিসেবে দায়িত্ব পালন করা মিরা মুরাতি।

৩৪ বছর বয়সী মিরা প্রায় পাঁচ বছর ধরে ওপেনএআইয়ের শীর্ষপর্যায়ে কর্মরত আছেন। একইসঙ্গে চ্যাটজিপিটি ও ডাল-ই এর মতো যুগান্তকারী সব প্রযুক্তি উদ্ভাবনে পর্দার আড়ালে থেকে কাজ করেছেন। আলবেনিয়ায় জন্মগ্রহণ করা মুরাতি যুক্তরাষ্ট্রের ডার্টমাউথ কলেজ থেকে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি নিয়েছেন। মিরা ওপেনএআই-এর বিবর্তনে বিশ্বব্যাপী এআই নেতা হিসেবে গুরত্বপূর্ণ ভূমিকা পালন করছেন।

লেখক:
এস,এম,হাবিব উল্লাহ (হিরু)
প্রেসিডেন্ট'স রোভার স্কাউট
প্রভাষক, আইসিটি
রাউজান সরকারি কলেজ, চট্টগ্রাম।

# “জীবন জাগে স্পন্দনে”




একটি শিশু যখন মায়ের গর্ভে আগমন করে তার অস্তিত্ব টের পাওয়া যায় তার হৃদস্পন্দন পরীক্ষা করে এবং ধীরে ধীরে বড় হওয়ার প্রক্রিয়ায় একজন মা প্রতিটি মুহূর্তে সেই স্পন্দন এর আবহে থাকে। ভূমিষ্ট হওয়ার পরপরিই শারীরিক লিঙ্গভি-ত্তিক বৈশিষ্ট্য তাকে সামাজিক লিঙ্গভিত্তিক বৈশিষ্টে জড়িয়ে ফেলে। বিশেষ করে সেই শিশুটি যদি হয় কন্যা/নারী/মহিলা তাহলে তাকে প্রতিনিয়ত কমবেশি যুদ্ধ চালিয়ে যেতে হয় যাপিত জীবনের ঘোড়দৌড়ে। এই দৌড়ে পজিটিভ স্পন্দনকে নিজের সাথে লেপ্টে নিয়ে বন্ধুর পথে যাত্রা করে সে। যুগে যুগে সারা পৃথীবি নারীর যুদ্ধ ক্ষেত্র বলা হয়। এই ভূমিতে যার ক্ষমতায়ন যত বেশি সে তত বেশি এগিয়ে। ক্ষমতায়ন বা এম্পপাওয়ারমেন্ট প্রায় তিন দশক ধরে আলোচিত একটি শব্দ যার দ্বারপ্রান্তে পৌছানোর জন্য ধাপগুলো মসৃন/গ্যাপ রেখেই দেয়া হত বা হয়।

যে দেশে বা সমাজে পুরুষতন্ত্র বা পিতৃতন্ত্র নারীদের ভাগ্য নির্ধারণ করে, তাঁর জীবনয-াপন চলাফেরা থেকে নিয়ে শিক্ষা ও কর্মসংস্থান নির্দিষ্ট করে দেয়, সে দেশের নারীর ক্ষমতায়নের নামে যা হবে, তাতে পুরুষতন্ত্রের চিন্তা ভাবনা ও দৃষ্টিভঙ্গিরই প্রতিফলন ঘটবে। ক্ষমতায়নের পুরোনো ধারণা এখন অচল। সারা বিশ্বের ক্ষমতায়ে-নর বদলে স্ব-ক্ষমতায়ন কথাটিই এখন ব্যবহৃত হয়। তবে ক্ষমতায়ন নিয়ে আমাদের চিন্তা ভাবনায় এখনো কিছু অস্পষ্টতা রয়েগেছে। তারপরও সময়ের সাথে সাথে অনেক ক্ষুদ্র ক্ষুদ্র পদক্ষেপ এনে দিয়েছে পরিবর্তন এবং সেই পরিবর্তনের ধারায় একটি সহযোগী প্রতিষ্ঠান হলো বাংলাদেশ স্কাউটস। মেয়েদেরকে মূল ধারার সঙ্গে যুগের সাথে তাল মিলিয়ে চলার জন্য ও সমতা আনয়নে নায্যতা প্রতিষ্ঠার

লক্ষে জাতীয় কাউন্সিল ১৯৯৪ সালের ২৪ মার্চ একাদশ সভায় বিশ্ব স্কাউট সংস্থার অনুমোদনক্রমে গার্ল-ইন-স্কাউটিং চালু করে বাংলাদেশে।

একজন কন্যা শিশুর শৈশবকাল থেকে আমৃত্যু পর্যন্ত যদি স্কাউটিং এর বলয়ের মধ্যে থাকে তার মধ্যে বেশ কয়েকটি দক্ষতা গড়ে ওঠে যা ক্ষমতায়নের যেই প্রধান দুটি দিক আছে বস্তুগত ও বুদ্ধিগত তা পরিপূর্ন করে। বস্তুগত ক্ষমতায়ন প্রক্রিয়ায় সেই কন্যাশিশুটি তার জাগতিক প্রয়োজন মেটানোর জন্য বাস্তবিক প্রশিক্ষন হাতে কলমে পেয়ে থাকে স্কাউটিং থেকে এবং তা হতে পারে স্বাধীন উপার্জনের বা অর্থসংস্থানের মাধ্যমে। স্কাউটিং এর বিভিন্ন ধাপে কর্মসূচিগুলো বাস্তবজ্ঞান ও আত্নবিশ্বাসী করে তুলে সেই মানুষকে।

ক্ষমতায়নের বুদ্ধিগত বা সফট স্কিল হচ্ছে শিক্ষা, সৃজনশীলতা, যে কোন কাজে সিদ্ধান্ত নেয়ার শক্তি এবং উদ্ভাবনী চিন্তার,মাধ্যমে নিজের প্রয়োজনগুলি মেটানোর বুদ্ধিগত সম্ভাবনাগুলি কাজে লাগানোর ব্যবস্থা করা যা স্কাউটিং করতে যেয়ে তৈরী হয়। নারীর ক্ষমতায়নের ক্ষেত্রগুলো হলো পারিবারিক, সামাজিক সক্ষমতায় রাজনৈতিক, প্রশাসনিক কর্মকাণ্ডে, অর্থনৈতিক অগ্রযাত্রায় পরিকল্পনা প্রণয়নে, সিদ্ধান্ত গ্রহণে, শিক্ষামূলক কর্মকাণ্ডে, গবেষণামূলক কর্মকাণ্ডে, সৃজনশীল উদ্ভাবনীতে সেবা সার্ভিস ইত্যাদিতে। আর এই প্রতিটিক্ষেত্রে একজন নিয়মিত স্কাউট হিসেবে সে বিচরন করার সুযোগ পায়। পরিশেষে একজন মানুষ যেন আবেগগত কারণেও কারও ওপর নির্ভরশীল না হয়, ক্ষমতায়ন তাও নিশ্চিত করে। অর্থাৎ নিজের জীবন সিদ্ধান্ড্, ভবিষ্যৎ এর পথচলার দিক তৈরি করা,নিজের সিদ্ধান্তগুলি নিজেই নেওয়া, নিজের শরীরের ওপর নিজের অধিকার প্রতিষ্ঠা করা- এসবই ক্ষমতায়নের মধ্যে পড়ে যা স্কাউটিং এর মধ্যে দিয়ে একজন নারী পারদর্শি হয়ে ওঠে।

স্কাউট হচ্ছে অরাজনৈতিক, সামাজিক, সেবামূলক সংগঠন। স্কাউটিং আন্দোলনে গার্ল ইন স্কাউটিং এর অগ্রযাত্রায় যে কঠিনবাস্তবতা, প্রতিবন্ধকতা এবং স্ব-ক্ষমতায়ন বিষয়গুলো নেই তা নয় তবে কিছু নিয়মনীতির বেড়াজালে মূলধারার প্রবাহে এখানে এমন পরিবেশ তৈরী হয়েছে যেন পুরুষতন্ত্র শক্তি সহায়ক শক্তি হয়ে এবং সংকট কাটিয়ে সবাই এগিয়ে যেতে পারে তার নিরন্তর চেষ্টা চলছে তা আশাব্যঞ্জক। ক্ষমতায়নের একটি বড় শক্তি হচ্ছে কর্মসংস্থান যা নারীর নিজস্ব জগতের, শরীর ও মনের ওপর তাদের পূর্ন অধিকার প্রতিষ্ঠা করে। স্কাউটিং এ নারী এডাল্ট লিডাররা নিজস্ব কর্মক্ষেত্রের বাহিরে স্কাউটিং এ ভলান্টিয়ার হিসেবে নিজের পরিসর বড় করে এবং তার নিজস্ব পরিচয় তুলে ধরার উদ্যোগ পায়।

শিক্ষার হার, অবাধ সাংস্কৃতিক কর্মকাণ্ড, নারীদের রাজনীতিতে অংশগ্রহণ, মানব উন্নয়ন, প্রত্যাশিত গড় আয়ু বৃদ্ধি, প্রজনন হার হ্রাস, শিশুমৃত্যুর হার হ্রাস, অবনমিত মাতৃমৃত্যু ও বাল্যবিয়ের হার হ্রাস, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষায় জেন্ডার সমতা অর্জন, বৈশ্বিক ক্ষুধাসূচক এবং সর্বোপরি মাথাপিছু আয়ে ও সামাজিক গুরুত্বপূর্ণ সূচকে প্রতিবেশী ভারত ও পাকিস্তানকে পেছনে ফেলেছে বাংলাদেশ। ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম কর্তৃক প্রণীত বৈশ্বিক জেন্ডার গ্যাপ সূচকে বাংলাদেশ বিশ্বের প্রথমসারির দেশগুলোর সঙ্গে পাল্লা দিচ্ছে। ২০২২ সালে বাংলাদেশের র‍্যাংকিং ছিল ৭১তম, যা দক্ষিণ এশিয়ার মধ্যে সর্বোচ্চ।

কথাসাহিত্যিক আনিসুল হক একবার বলেন, নারীর চোখে পৃথিবীকে দেখলে বুঝা যায় যে মূল্যায়নের মাত্রায় ছেলে ও মেয়েদের ক্ষেত্র আলাদা হয়ে যায়। সমমূল্যায়ন ও সমন্নোয়ন হলে সমতার বিধান ঘটবে। তখন সেটা ক্ষমতায়ন ঘটাবে। তাই সমাজে নারীর সমতায়ন, সমন্নোয়ন ও সমমূল্যায়ন করা গেলে নারীর ক্ষমতায়ন প্রতিষ্ঠিত হবে। নারীর প্রতি পরিবার থেকে শুরু করে সামাজিক দৃষ্টিভঙ্গি বদলাতে হবে। আমাদের গার্ল ইন স্কাউটিং এর আন্দোলনে সম্পৃক্ত সকলে তাদের জীবন প্রবাহের অ্যাডভেঞ্চার এর চ্যালেঞ্জগুলো যেন সঠিক ট্র্যাকে রেখে তার ক্ষমতায়নের সাহস ও স্পন্দন নিয়ে এগিয়ে যেতে পারে সেই ধাঁধাঁর সমাধানের পথে চোখ চেয়ে থাকবে।

লেখক:
খাদিজা মোস্তারী মাহিন
রোভার স্কাউট লিডার
লালবাগ ওপেন স্কাউট গ্রুপ, ঢাকা।

# আমার দেখা
# দক্ষিণ কোরিয়ায় অনুষ্ঠিত ২৫তম বিশ্ব স্কাউট জাম্বুরী



স্কাউট জাম্বুরির সমাপনীতে প্রধানমন্ত্রী
মাদ্রাসা শিক্ষার্থীদের স্কাউটে যোগ দেওয়ার আহ্বান

০৬.
দক্ষিণ কোরিয়ায় অনুষ্ঠিত ২৫তম বিশ্ব স্কাউট জাম্বুরীতে যোগদিতে এসে এই মুহূর্তে মনে পড়ে গেলো বাংলাদেশ স্কাউটস এর আয়োজন ও ব্যবস্থাপনায় ১৯-২৭ জানুয়ারি ২০২৩ পর্যন্ত জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, মৌচাক, গাজীপুরে অনুষ্ঠিত হওয়া সেই ৩২তম এশিয়া প্যাসিফিক রিজিওনাল এবং একাদশ জাতীয় স্কাউট জাম্বুরীর কথা। ৯দিনব্যাপী শুরু হওয়া জাম্বুরীর শুভ উদ্বোধন করেছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি ২১ জানুয়ারি সন্ধ্যায়। সেই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ স্কাউটস এর সভাপতি আবুল কালাম আজাদ এবং স্বাগত বক্তব্য রাখেন জাম্বুরী চীফ, বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খান। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ওয়ার্ল্ড স্কাউট ব্যুরোর এশিয়া প্যাসিফিক সাপোর্ট সেন্টারের আঞ্চলিক পরিচালক যোশে সি পাঙ্গিলিনান ও এশিয়া রিজিওনাল স্কাউট কমিটির চেয়ারম্যান বুকিংগো করভেরা। মঞ্চে উপবিষ্ট ছিলেন ডেপুটি জাম্বুরী চীফ (প্রোগ্রাম) মোহাম্মদ আতি-কুজ্জামান রিপন।

তারই ধারাবাহিকতায় ২৫.০১.২৩ খ্রিস্টাব্দের শীতের শুভ্রসকালে সুশোভিত বৃক্ষরাজীর ছায়াসুনিবিড় লোকালয় বাংলাদেশ স্কাউটস এর তীর্থভূমি গাজীপুরের জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র মৌচাকে অনুষ্ঠিত হয়েছিলো জাম্বুরীর সমাপনী ও মহাতাঁবু জলসার এক বর্ণাঢ্য অনুষ্ঠান। এই অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সভাপতিত্ব করেন বাংলাদেশ স্কাউটস এর সভাপতি আবুল কালাম আজাদ। স্বাগত বক্তব্য রাখেন জাম্বুরী চীফ; সভাপতি, জাম্বুরী সাংগঠনিক কমিটি; বাংলাদেশ স্কাউটস; বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার এবং মাননীয় কমিশনার দুদক(সাবেক) ড. মো. মোজাম্মেল হক খান। অন্যান্যদের মধ্যে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাননীয় মন্ত্রীবর্গ, সরকারের সচিব,সামরিক বেসামরিক উচ্চ পদস্থ কর্মকর্তা ও দেশি-বিদেশি সম্মানিত অতিথিবৃন্দ।

বাংলাদেশ স্কাউটস, এশিয়া প্যাসিফিক রিজিওনের দেশসমূহ ছাড়াও বিশ্বের অন্যান্য দেশের স্কাউট এবং স্কাউট নেতৃবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। জাম্বুরী সময়কালে এখানে নিজের উপস্থিতিকে আমি কাল এবং সময়ের গৌরবময় সৌভাগ্যবান একজন হিসেবে নিজেকে মনে করি। এও মনে করি যে, সফল, সুন্দর ও শীর্ষস্মরণযোগ্য বর্ণাঢ্য অনুষ্ঠানটি দেশীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে আগামীর স্কাউট আন্দোলনের সকল পথকে উচ্চকিত এক মানদণ্ডে এগিয়ে নিয়ে যাবে।

১৯ জানুয়ারি থেকে শুরুহওয়া অনুষ্ঠানটির মাধ্যমে অংশগ্রহণকারী স্কাউটরা শারিরীক, মানসিক, বুদ্ধিবৃত্তিক, সামাজিক, আধ্যাত্মিক, জীবনবোধ ও জীবনচর্চার সৌন্দর্যময় মেধার বিকাশ ঘটাতে প্রয়াসী হয়েছেন। জাম্বুরীর প্রোগ্রামটি এগারোটি অ্যালান ও বিভিন্ন অনুষ্ঠানাদির সমন্বয়ে সুশৃঙ্খল এবং নিয়মতান্ত্রিক সৌন্দর্যবলয়ে মেধাদীপ্ত সৌকর্যে সাজানো হয়েছিলো।

বাংলাদেশসহ মোট ৯টি দেশের স্কাউট ও লিডারগণ এই জাম্বুরীতে অংশগ্রহণ করেছি-লেন। পুরো জাম্বুরী এলাকাকে ৪টি ভিলেজ ও ৮টি সাব-ক্যাম্পে ভাগ করা হয়েছিলো। ১৮১ একর জমির জায়গা জুড়ে মৌচাকের এই জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রটি প্রাকৃতিক সৌন্দর্যসজ্জায় যেন নৈসর্গের অপরূপ শোভা বর্ধন করে দেশি-বিদেশিদের প্রাণের উৎকর্ষ-উচ্ছলতাকে বহুগুণে বাড়িয়ে দিয়েছিলো। মৌচাক জাতীয় ট্রেনিং প্রশিক্ষণ কেন্দ্রের আশপাশও ছিলো আনন্দমুখরতায় ভরপুর-যেন চিরায়ত বাংলা গভীর নাচনে পার্বিক উৎসবে মেতে ওঠেছে।



গজারি,শাল বৃক্ষের সবুজ পাতার আচ্ছাদনে পুরা এলাকা যেন জীবনপ্রবাহেরই অভয়ারণ্য। বৈচিত্র্যময় এমন আনন্দধারা যেন ফলগুধারার মতো-
জীবনস্মৃতিতে বিস্মৃত হবেনা কোনদিন।
সত্যি আনন্দউৎসবে জীবনউল্লাসের ক্ষণপ্রভা ছিলো এটি!
মনে হয়েছিলো টপ এচিভার গ্যাদারিং, উডব্যাজার রিইউনিয়ন, ভলান্টিয়ারস নাইট, সোয়াপিং, জিডিভি, ইন্টারন্যাশনাল নাইট, গ্রান্ড ক্যাম্প ফায়ার এর মতো নন্দিত চিত্তাকর্ষক আকর্ষণীয় বিষয়গুলো জীবনইতিহাসে কোনদিন ফিরে এসে আবার আনন্দে ভরিয়ে দেবে কিনা জানিনা- তবে এও মনে হয়েছিলো আনন্দবন্যার বাঁধভাঙ্গা এ প্রাপ্তির সুখানুভূতির রেশ জীবনপরিক্রমায় জ্বলজ্বল করবে জীবনাবধি!!

০৭.
দক্ষিণ কোরিয়ায় ২৫তম বিশ্ব স্কাউট জাম্বুরীতে এসে দেখি এখানে নেই আমার বাংলাদেশ, নেই আমার মৌচাক, নেই সেই অরণ্যঘেরা ছায়াসুনিবিড়ের ছায়াসুশীতল প্রকৃতি কিংবা জীবনসহায় পরিবেশ। আছে পাহাড়ঘেষা উদোম আকাশ, শষ্যজিরেতহীন ধূ-ধূ খোলা মাঠ,কাঠফাটা রোদ,জীবনঅতিষ্ঠ উষ্ণ বায়ুপ্রবাহ(হীট ওয়েভ) আর আছে অপ্রত্যাশিত অনাকাঙ্ক্ষিত বৈরি পরিবেশ, বিরুদ্ধ-প্রকৃতি!!


দীর্ঘ পথ আর বাঁক অতিক্রম করে ক্যাফেটেরিয়ায় এসে অনুমান করলাম প্রায় দশ পনের হাজারের মতো সিএমটি, আইএসটি, স্কাউট লিডাররা বিশ্ব স্কাউট জাম্বুরী চলাকালে এখানে তাদের প্রতিদিনের তিন বেলার আহারাদি সম্পন্ন করবেন। আর অসহনীয় গরমে খুঁজে পাবেন শীততাপনিয়ন্ত্রণের আরাধ্য স্পর্শে সাময়িক শান্তির কুলিং পরশ । সাথে পাবেন মোবাইল ফোন কিংবা পাওয়ার ব্যাংকের জন্য নিত্যপ্রত্যাশার প্রয়োজনীয় বৈদ্যুতিক চার্জ দেওয়ার সুযোগ।

ভেতরে ঢুকে লাইন ধরে ধরে এগুচ্ছি সারা পৃথিবীর তারুণ্যদীপ্ত আইএসটি স্কাউট অংশগ্রহণকারীদের সাথে। যথারীতি পারস্পরিক সমঝোতা, পারস্পরিক কুশলাদি, ভাব-বিনিময় ও হাই-হ্যালো তে এ নাগাদ আমাদের মন ভালো হয়ে গেলো। দুপুরের খাবারে বহুমাত্রিক ১০-১২ টি কাউন্টারে আইটেম-আয়োজন সুবিস্তৃত থাকলেও আমরা হালাল খাবারের লাইনে দাঁড়িয়ে খাবার সংগ্রহ করলাম ৩০ জুলাই'র দুপুর গড়ানো বিকেলে। সাথে এও জানলাম এখান থেকেই জাম্বুরীকালীন তিনবেলার আহারাদি আমাদের সংগ্রহ-সম্পন্ন করতে হবে।

দীর্ঘ জার্নির ধকলে পড়া নিস্তেজ শরীর-মন দুপুরের খাবারের পর খানিকটা সক্রিয় হলেও আগের দিন ও আজকের ভ্রমণঝুঁকির ধকল শরীর-মনে এখনো বহন করে চলেছি।
২৯ জুলাই শুরুকরা বিরামহীন যাত্রায় ছিলো না একদন্ড অবকাশ ; ছিলো দুশ্চিন্তার অমোচনীয় অনুভূতি। এতক্ষণ শুধু গন্তব্যের অস্থিরতায় নিমজ্জন ছিলাম। এখন শুরুহলো তাঁবু খোঁজা।

(চলবে)

লেখক : মঈনুদ্দিন মানু
জাতীয় উপকমিশনার
(মিডিয়া এন্ড পাবলিকেশন), বাংলাদেশ স্কাউটস
সহ সভাপতি, আমরা স্কাউট গ্রুপ ও
সাবেক ডিজিএম, জনতা ব্যাংক লিমিটেড।









# সাম্প্রতিক বিশ্ব

**০১.১১.২০২৩**

**বাংলাদেশ**

-পদ্মা সেতু দিয়ে যাত্রীবাহী ট্রেনের প্রথম চলাচল শুরু ।

- রামপালে মৈত্রী সুপার থার্মাল পাওয়ার প্ল্যান্টের দ্বিতীয় ইউনিট উদ্বোধন ।

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৮৪তম বিভাগ হিসেবে পাবলিক হেলথ বিভাগের (জনস্বাস্থ্য বিভাগ) যাত্রা শুরু হয়।

- খুলনা-মোংলা রেলপথ উদ্বোধনের মধ্যে ৪৭তম জেলা হিসেবে পুনরায় রেলওয়ে নেটওয়ার্কে যুক্ত হয় বাগেরহাট ।

**০২.১১.২০২৩**

**বাংলাদেশ**

- জাতীয় সংসদ নির্বাচনের প্রস্তুতির অংশ হিসেবে ৩০০ আসনের ভোটার তালিকা চূড়ান্ত করে নির্বাচন কমিশন (EC)।

- একাদশ জাতীয় সংসদের ২৫তম অধিবেশনের সমাপ্তি দিনে রেকর্ড সর্বোচ্চ ৭টি বিল পাস হয়।

**আন্তর্জাতিক**

- রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন পরমাণু অস্ত্রের পরীক্ষা নিষিদ্ধকরণ চুক্তি (CTBT) প্রত্যাহারের আইনে স্বাক্ষর করেন।

- যুক্তরাষ্ট্রের প্রথম নারী নৌপ্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করেন লিসা - ফ্রানচেত্তিক।

**০৩.১১.২০২৩**

**আন্তর্জাতিক**

- গাজা উপত্যকায় দখলদার ইসরায়েলি বাহিনীর নির্বিচারে বোমা হামলার প্রতিবাদে দেশটির সাথে বাণিজ্যিক সম্পর্ক স্থগিত করে বাহরাইন।

**০৪.১১.২০২৩**

**বাংলাদেশ**

- দেশের প্রথম মেট্রোরেলের আগারগাও - মতিঝিল অংশের আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২৯তম উপাচার্য হিসেবে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহণ করেন অধ্যাপক এ এস এম মাকসুদ কামাল ।

**০৫.১১.২০২৩**

**বাংলাদেশ**

- রাজধানীর আগারগাঁও-মতিঝিল অংশে মেট্রোরেল সর্বসাধারণের জন্য খুলে দেওয়া হয়।

**০৬.১১.২০২৩**

**বাংলাদেশ**

- কুমিল্লায় নবাব ফয়জুন্নেছা জমিদারবাড়ি জাদুঘর দর্শনার্থীদের জন্য উন্মুক্ত করা হয়।

**০৭.১১.২০২৩**

**বাংলাদেশ**

- শরীয়তপুরের গোসাইরহাট-পট্টি নদী বন্দর উদ্বোধন করা হয়।

- নতুন ইন্স্যুরেন্স কোম্পানি হিসেবে অনুমোদন পায় শান্তা লাইফ ইন্স্যুরেন্স পিএলসি।

**আন্তর্জাতিক**

- জাপানে এ-৭-এর সদস্য দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীদের দুই দিনব্যাপী বৈঠক শুরু। রাশিয়া CFF চুক্তি থেকে নিজেকে আনুষ্ঠানিকভাবে প্রত্যাহার করে নেয়।

**০৮.১১.২০২৩**

**বাংলাদেশ**

- ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকায় গাড়ি পার্কিংয়ে শৃঙ্খলা নিশ্চিত করতে প্রথমবারের মতো চালু হয় 'স্মার্ট অন স্ট্রিট পার্কিং' মোবাইল অ্যাপ ।

**আন্তর্জাতিক**

- ওমানের মাস্কটে উপসাগরীয় সহযোগিতা সংস্থার স্বরাষ্ট্রমন্ত্রীদের ৪০তম বৈঠকে প্রস্তাবিত টহরভরবফ Gulf Tourist Visa বা একক ভিসা ব্যবস্থার অনুমোদন দেওয়া হয়।

**০৯.১১.২০২৩।**

**বাংলাদেশ**

- নতুন শিক্ষাক্রম অনুযায়ী ষষ্ঠ ও সপ্তম শ্রেণির বার্ষিক সামষ্টিক মূল্যায়ন শুরু।

- জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির সভায় যশোরে ইপিজেড প্রকল্পের অনুমোদন দেওয়া হয় ।

**১০.১১.২০২৩**

**বাংলাদেশ**

- বঙ্গবন্ধুর ম্যুরালসহ ঢাকার বিজয় সরণিতে নির্মিত 'মৃত্যুযায়ী প্রাঙ্গণ' উদ্বোধন।

**আন্তর্জাতিক**

- জলবায়ু পরিবর্তনের কারণে হুমকির মুখে থাকা টুভ্যালুর নাগরিকেরা অস্ট্রেলিয়ায় বসবাসের অনুমতির বিষয়ে দুই দেশের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হয় ।

**১১.১১.২০২৩**

**বাংলাদেশ**

- কক্সবাজারের মহেশখালীর মাতারবাড়ী কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটের উদ্বোধন ।



- কক্সবাজারের উখিয়ায় বিশ্বের তৃতীয় ও বাংলাদেশের প্রথম 'অমনি প্রসেসর' উদ্বোধন করা হয়।

**১৩.১১.২০২৩**

**বাংলাদেশ**

- দক্ষিণ এশিয়ার একমাত্র গণহত্যা জাদুঘর '১৯৭১ : গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর'-এর নতুন ভবনের উদ্বোধন।

- দেশের ৫৫তম সরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে মেহেরপুর মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম শুরু।

**১৪.১১.২০২৩**

**বাংলাদেশ**

- দেশের প্রথম ১৪ লেনের সড়ক 'শেখ হাসিনা সরণি' এর আনুষ্ঠানিক উদ্বোধন ।

- তিন দিনের শুভেচ্ছা সফর শেষে রাশিয়া নৌবাহিনীর তিন যুদ্ধজাহাজ 'অ্যাডমিরাল ত্রিবুতস', 'অ্যাডমিরাল প্যানডেলেইয়েভ' ও জ্বালানিবাহী ট্যাংকার 'পিচ্যানগা' চট্টগ্রাম বন্দর ছেড়ে যায়।

**১৫.১১.২০২৩**

**বাংলাদেশ**

- দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা ।

**আন্তর্জাতিক**

- যুক্তরাষ্ট্রের সান ফ্রান্সিসকো শহরে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ও চীনের প্রেসিডেন্ট সি চিন পিং বৈঠক করেন।

**১৬.১১.২০২৩**

**আন্তর্জাতিক**

- বিশ্বজুড়ে শ্রমিকদের অধিকার এবং তাদের শ্রম মান উন্নয়নে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন প্রথমবারের মতো একটি মেমোরেন্ডামে স্বাক্ষর করেন।

- APEC শীর্ষ নেতাদের দুই দিনব্যাপী ৩০তম সম্মেলন শুরু ।

**১৭.১১.২০২৩**

**বাংলাদেশ**

- ঘূর্ণিঝড় 'মিধিলি' আঘাত হানে।

**আন্তর্জাতিক**

- ভার্চুয়াল প্ল্যাটফর্মে দ্বিতীয় ভয়েস অব গ্লোবাল সাউথ সামিট' অনুষ্ঠিত।

- মালদ্বীপের প্রেসিডেন্ট হিসেবে শপথগ্রহণ করেন মোহাম্মদ মুইজ্জু।

- ইউরোপিয়ান ইউনিয়ন (EU) দরিদ্র দেশগুলোতে প্লাস্টিকের বর্জ্য রপ্তানি বন্ধে চুক্তি স্বাক্ষর করে।

**১৮.১১.২০২৩**

**বাংলাদেশ**

- বাংলাদেশ ফায়ার সার্ভিসের ইতিহাসে প্রথমবারের মতো ফায়ার ফাইটার পদে ১৫ নারী যোগদান করেন ।

- ভারত ও বাংলাদেশের নৌ প্রটোকল চুক্তির আওতায় ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জ নদীবন্দর ব্যবহার করে আখাউড়া স্থলবন্দর দিয়ে ভারতীয় রড পরিবহন শুরু।

**১৯.১১.২০২৩**

**বাংলাদেশ**

- দল হিসেবে জামায়াতে ইসলামীকে দেওয়া নিবন্ধন অবৈধ বলে হাইকোর্টের রায়ের বিরুদ্ধে করা আপিল খারিজ করে দেয় সুপ্রীম কোর্টের আপিল বিভাগ

**আন্তর্জাতিক**

- আর্জেন্টিনার প্রেসিডেন্ট নির্বাচনে রান-অফ ভোটাভুটিতে কট্টর ডানপন্থী স্বাধীনতাবাদী প্রার্থী হাভিয়ের মিলেই জয়ী হন।

**২০.১১.২০২৩**

**বাংলাদেশ**

- বেসরকারি কোম্পানির কর্মকর্তা কর্মচারীদের জন্য সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণ সহজ করার জন্য যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের সঙ্গে সমঝোতা স্মারক সাক্ষর করে জাতীয় পেনশন কর্তৃপক্ষ।

**২১.১১.২০২৩**

**বাংলাদেশ**

- বাংলাদেশের অন্যতম ফ্ল্যাগশিপ রেজুলেশন 'প্রাকৃতিক উদ্ভিদ তন্ত্র এবং টেকসই উন্নয়ন' সর্বসম্মতিক্রমে জাতিসংঘে গৃহীত।

**আন্তর্জাতিক**

- কাতারের মধ্যস্থতায় ইসরায়েলের মন্ত্রিসভা চার দিনের বেশি সময়ের যুদ্ধবিরতির ১টি প্রস্তাব অনুমোদন করে ।

**২২.১১.২০২৩**

**বাংলাদেশ**

- সিলেটের গোলাপগঞ্জের কৈলাসটিলার পরিত্যক্ত ২ নম্বর কূপ থেকে আনুষ্ঠানিকভাবে পুনরায় গ্যাস উত্তোলন শুরু।

**আন্তর্জাতিক**

- নেদারল্যান্ডসে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত।

**২৩.১১.২০২৩**

**বাংলাদেশ**

- ঢাকা-কক্সবাজার-ঢাকা রুটে 'কক্সবাজার এক্সপ্রেস' নামে ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি শুরু ।

**২৪.১১.২০২৩**

**বাংলাদেশ**

- বাংলাদেশ ও ভারতের মধ্যে ফরেন অফিস কনসালটেশন বা পররাষ্ট্র সচিব পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত।

**আন্তর্জাতিক**

- ইসরায়েলি বাহিনীর নির্বিচার হামলা শুরুর ৪৮ দিন পর ফিলিস্তিনের গাজায় চারদিনের যুদ্ধ বিরতি কার্যকর।

**২৬.১১.২০২৩**

***বাংলাদেশ***

- উচ্চমাধ্যমিক ও সমমান পরীক্ষার ফল প্রকাশ ।

■ আগ্রদূত ডেস্ক

# সোশাল মিডিয়ায় স্কাউটিং এর মার্কেটিং ও ব্র্যান্ডিং ওয়ার্কশপ

ফটো গ্যালারী















# সোশাল মিডিয়ায় স্কাউটিং এর মার্কেটিং ও ব্র্যান্ডিং ওয়ার্কশপ



















# জাতীয় ফটোগ্রাফি কনটেস্ট ২০২০, ২০২১ ২০২২ এবং ২০২৩ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান







ফটো গ্যালারী

# জাতীয় ফটোগ্রাফি কনটেস্ট ২০২০, ২০২১ ২০২২ এবং ২০২৩ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান

ফটো গ্যালারী


















# শরীয়তপুরে নোংরা খাল ও এর পাড় পরিস্কার করেছে স্কাউট সদস্যরা



ফটো গ্যালারী









## দিনাজপুর অঞ্চলে ৪২০তম স্কাউট ইউনিট লিডার অ্যাডভান্সড কোর্স






## ঝিনাইদহে ডেঙ্গু প্রতিরোধে রোভার স্কাউটদের পরিচ্ছন্নতা কার্যক্রম






# কিশোরগঞ্জ জেলা রোভারের আয়োজনে কিশোর অপরাধ, ইভটিজিং, যৌতুক বাল্যবিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধে রোভারদের করনীয় শীর্ষক কর্মশালা








ফটো গ্যালারী

# ব্রাদারহুড ওপেন স্কাউট গ্রুপ এর রোভার মোঃ তানভীর ইসলাম খান ও রোভার রেজাউল করিম রেজভী পায়ে হেটে ১৫৪ কিঃমিঃ পরিভ্রমণ সম্পন্ন করে






ফটো গ্যালারী

## ঢাকা জেলা রোভারের জোটা জোটি-২০২৩ বাস্তবায়ন








## ঝিনাইদহে গবেষণা ও মূল্যায়ন ওয়ার্কশপ








# অব্যবহৃত জিমেইল অ্যাকাউন্ট মুছে ফেলবে গুগল, যেভাবে নিজেরটা সচল রাখবেন




যেসব অ্যাকাউন্ট দুই বছরে ধরে অব্যবহৃত রয়েছে ডিসেম্বর-২০২৩ থেকে সেগুলো ডিলিট করা হবে। লাখ লাখ অব্যবহৃত জিমেইল থেকে মুছে ফেলার ঘোষণা দিয়েছে গুগল। দুই বছর ধরে অচল অ্যাকাউন্টগুলো এর আওতায় পড়বে। প্রযুক্তিবিষয়ক ওয়েবসাইট অ্যান্ড্রয়েড অথোরিটির প্রতিবেদনে এসব তথ্য জানা যায়।

এক ব্লগপোস্টে গুগলের প্রডাক্ট ম্যানেজমেন্টের ভাইস প্রেসিডেন্ট রুথ ক্রচেলি বলেন, অ্যাকাউন্টের নিরাপত্তা নিশ্চিত করার অংশ হিসেবে এ পদক্ষেপ। অনেক দিন ধরে অব্যবহৃত অ্যাকাউন্টে নিরাপত্তা বিঘ্ন হওয়ার সম্ভাবনা থাকে। কারণ ভুলে যাওয়া বা অব্যবহৃত অ্যাকাউন্টে প্রায়ই পুরোনো বা পুনঃব্যবহৃত পাসওয়ার্ড যুক্ত থাকে।

এসব অ্যাকাউন্টে টুফ্যাক্টর অথেনটিকেশন সেট আপ থাকে না এবং গ্রাহকেরা অ্যাকাউন্টের নিরাপত্তা যাচাই করে না। অর্থাৎ এসব অ্যাকাউন্টের নিরাপত্তা প্রায়ই দুর্বল হয়। আর স্ক্যামসহ পরিচয় চুরির মত বিভিন্ন ক্ষতিকর কাজে এসব ব্যবহৃত হতে পারে।

যেসব অ্যাকাউন্ট দুই বছরে ধরে অব্যবহৃত রয়েছে ডিসেম্বর থেকে সেগুলো ডিলিট করা হবে। সেই সঙ্গে গুগল ওয়ার্কস্পেস যেমন জিমেইল, ডকস, ড্রাইভ, মিট, ক্যালেন্ডার ও গুগল ফটোজের কনটেন্টও ডিলিট করে দেওয়া হবে। শুধুমাত্র ব্যক্তিগত গুগল অ্যাকাউন্টের জন্য নীতিটি কার্যকর হবে। স্কুল বা ব্যবসায়িক অ্যাকাউন্টের জন্য তা হবে না।


অ্যাকাউন্ট ডিলিটের প্রক্রিয়া পর্যায়ক্রমে শেষ হবে। প্রথমে যেসব অ্যাকাউন্ট তৈরির পর আর ব্যবহার করা হয়নি, সেগুলো ডিলিট করা হবে। এসব অ্যাকাউন্ট ব্যবহারকারীর ইমেইল অ্যাড্রেসে অনেকগুলো নোটিফিকেশন পাঠানো হবে।

অ্যাকাউন্ট চালু রাখতে যা করতে হবে
অ্যাকাউন্ট চালু রাখার সবচেয়ে সহজ উপায় হল- প্রতি দুই বছরে অন্তত একবার সাইনইন করা। গুগল অ্যাকাউন্টে সাইনইন করা থাকলে সেগুলোকে সক্রিয় ভাবা হয়। এ ছাড়া সাইনইনের পর অ্যাকাউন্ট ডিলিট হওয়া বন্ধ করতে যেসব পদক্ষেপ নেওয়া যায়

১. কোনো ইমেইল পড়া বা সেন্ড করা।
২. গুগল ড্রাইভ ব্যবহার করা।
৩. ওই অ্যাকাউন্ট দিয়ে ইউটিউব ভিডিও দেখা।
৪. গুগল প্লে স্টোর থেকে কোনো অ্যাপ ডাউনলোড করা।
৫. গুগল সার্চ ব্যবহার করা।
৬. গুগলের সাইন ইন ব্যবহার করে থার্ড পার্টি অ্যাপ বা সেবায় সাইন ইন করা।

এ ছাড়া যেসব অ্যাকাউন্টে গুগলের সাবস্ক্রিপশন কেনা রয়েছে, সেগুলো সক্রিয় হিসেবে বিবেচনা করবে এই প্ল্যাটফর্ম।

■ অগ্রদূত ডেস্ক





# খেলাধুলা

## ক্রিকেট বিশ্বকাপ ২০২৩ এ ৫ ম্যাচে আম্পায়ারিং করেন শরফুদ্দৌলা



বাংলাদেশের আম্পায়ার শরফুদ্দৌলা ইবনে শহীদ ক্রিকেট বিশ্বকাপ ২০২৩'র উদ্বোধনী ম্যাচে চতুর্থ আম্পায়ারের দায়িত্বে ছিলেন । শরফুদ্দৌলা ইবনে শহীদের আম্পায়ারিং-য়র বিষয়টি সেপ্টেম্বর-২০২৩ মাসের প্রথম দিকেই আইসিসি জানিয়ে দিয়েছে। সৈকত নামেই বেশি পরিচিত বাংলাদেশের এই আম্পায়ার অন ফিল্ড আম্পায়ার হিসেবে কয়টি ম্যাচ পরিচালনা করেন । অস্ট্রেলিয়া-নিউজিল্যান্ড ম্যাচসহ মোট পাঁচটি ম্যাচে আম্পায়ার ছিলেন শরফুদ্দৌলা। এ ছাড়া ইংল্যান্ড-নিউজিল্যান্ড উদ্বোধনী ম্যাচসহ তিনটি ম্যাচে চতুর্থ আম্পায়ার ও আরও তিনটি ম্যাচে টেলিভিশন আম্পায়ার হিসেবে ছিলেন ৪৪ বছর বয়সী এই আম্পায়ার।

এক সংবাদ বিজ্ঞপ্তিতে প্রথম পর্বের ৪৫টি ম্যাচেরই আম্পায়ার, টিভি আম্পায়ার ও চতুর্থ আম্পায়ারের নাম ঘোষণা করেছিল আইসিসি। সেমিফাইনাল ও ফাইনালের ম্যাচ অফিশিয়ালদের নাম ঘোষণা করা হয় প্রথম পর্ব শেষে। আহমেদাবাদে গতবারের দুই ফাইনালিস্ট ইংল্যান্ড ও নিউজিল্যান্ডের ম্যাচ পরিচালনা করেন শ্রীলঙ্কার কুমার ধর্মসেনা ও ভারতের নিতীশ মেনন। এই ম্যাচে অস্ট্রেলিয়ার পল উইলসন ও বাংলাদেশের শরফুদ্দৌলা ছিলেন চতুর্থ আম্পায়ারের দায়িত্বে।

বাংলাদেশের প্রথম আম্পায়ার হিসেবে ওয়ানডে বিশ্বকাপে ম্যাচ পরিচালনা করতে যাওয়া শরফুদ্দৌলা প্রথম মাঠে দাঁড়ান ৭ অক্টোবর, ২০২৩ দক্ষিণ আফ্রিকা-শ্রীলঙ্কা ম্যাচে। এরপর ১৫ অক্টোবর দিলিতে ইংল্যান্ড-আফগানিস্তান, ২৫ অক্টোবর অস্ট্রেলিয়া-নেদারল্যান্ডস, ২৮ অক্টোবর অস্ট্রেলিয়া-নিউজিল্যান্ড ও ৩ নভেম্বর নেদারল্যান্ডস-আফগানিস্তান ম্যাচেও আম্পায়ার ছিলেন। এর আগে ১৫৯টি আন্তর্জাতিক ম্যাচে আম্পায়ারিং করেন শরফউদ্দৌলা। বিশ্বকাপের আগে গুয়াহাটিতে বাংলাদেশ-ইংল্যান্ড আনুষ্ঠানিক প্রস্তুতি ম্যাচেও আম্পায়ার ছিলেন শরফুদ্দৌলা।


নব্বইয়ের দশকের শুরুর দিকে ঢাকার ক্লাব ক্রিকেটে বাঁহাতি স্পিনার হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেছিলেন শরফুদ্দৌলা। জাতীয় দলেও সুযোগ পেয়ে গিয়েছিলেন দ্রুতই। ১৯৯৪ সালে কেনিয়াতে অনুষ্ঠিত আইসিসি ট্রফিতে জাতীয় দলে খেলেছিলেন তিনি। জাতীয় দলে পথচলা দীর্ঘ হয়নি তাঁর। আইসিসি ট্রফির পর জাতীয় দলে সুযোগ হয়নি আর কখনোই। তবে নিয়মিত ছিলেন ক্লাব ক্রিকেটে। সে হিসেবে প্রথম শ্রেণির ম্যাচ খেলেছেন অনেক পরে। ২০০০ থেকে ২০০১ সালের মধ্যে খেলেছেন মাত্র ১০টি প্রথম শ্রেণির ম্যাচ। ১০ ম্যাচে উইকেট নিয়েছেন ৩১টি। গড় ২৩। ২০১০ সালের জানুয়ারিতে ঢাকায় শ্রীলঙ্কার বিপক্ষে ওয়ানডেতে প্রথম আম্পায়ার হিসেবে দাঁড়িয়েছিলেন শরফুদ্দৌলা। টেস্ট ম্যাচটা অবশ্য পরিচালনা করেছেন অনেক পরে। সেটি ২০২১ সালের ফেব্রুয়ারিতে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে। আয়ারল্যান্ডের টেস্ট ম্যাচটি তাঁর নবম। এর মধ্যে ওয়ানডেতে ৫০ ম্যাচ আর ৪২টি টিটোয়েন্টি আন্তর্জাতিক ম্যাচে আম্পায়ার হিসেবে দায়িত্ব পালন করেছেন শরফুদ্দৌলা। এ তো গেল মাঠে আম্পায়ার হিসেবে থাকার হিসাব। টেলিভিশন আম্পায়ার হিসেবেও ৪টি টেস্ট, ৩১ ওয়ানডে, ১৫ টিটোয়েন্টি ম্যাচে দায়িত্ব পালন করেছেন তিনি।

■ অগ্রদূত ডেস্ক






# জেনে নিন শীতে কালো গোলমরিচের উপকারিতা



অনেকে ধূমপান ছাড়তে চাইলেও এই আসক্তি কাটিয়ে উঠতে পারেন না। অনেক অনুশীলন ছাড়া এটি আসলে সহজ নয়। কিন্তু কালো গোলমরিচের সঠিক ব্যবহারের ফলে এই নেশা আপনি সহজেই কাটিয়ে উঠতে পারেন। আর এই গোলমরিচ যে কোনো সমস্যায় সাহায্য করে।

এই মসলাটি কেবল রান্নার স্বাদ বৃদ্ধিতে ব্যবহার করা হয় এমনটা নয়, এটির অনেক বৈশিষ্ট্য রয়েছে। গোল মরিচের মধ্যে ম্যাগনেসিয়াম, ফরফরাস, সোডিয়াম, জিঙ্ক, ম্যাগানিজ, নিয়াসিন, ফোলেট, বিটাইন, বিটা ক্যারোটিন, ভিটামিন ই, কে এবং এ রয়েছে। অতএব, গোলমরিচ খাওয়া ভাল, শুধুমাত্র স্বাদ নয়, এটি স্বাস্থ্যের উপর খুব ইতিবাচক প্রভাব ফেলে। সর্দি-কাশির ছাড়াও গোলমরিচের আরও বেশ কিছু উপকারিতা রয়েছে। জেনে নিন শীতে গোরমরিচ খাওয়া কেন এত উপকারী।

১) গোটা কালো গোলমরিচের টুকরো অতিরিক্ত মেদ কমাতে সাহায্য করে। তাই খাবারে বেশি করে গোলমরিচ ব্যবহার করা খুবই স্বাস্থ্যকর। গোলমরিচ হজমে সাহায্য করে। কারণ পাকস্থলীতে হাইড্রোক্লোরিক অ্যাসিডের ক্ষরণ বেড়ে যায়। তাই এটি ভালো হজম, কোষ্ঠকাঠিন্য এবং ডায়রিয়ার মতো সমস্যা প্রতিরোধ করে। শরীরে হজমের সমস্যার কারণে অনেক রোগ দেখা দেয়।

২) যারা প্রচুর ধূমপান করেন, তাদের জন্য গোলমরিচ খুবই উপকারী। গোলমরিচ খাওয়া উল্লেখযোগ্যভাবে ধূমপানের আসক্তি হ্রাস করে।

৩) দাঁতের ক্ষয় বা দাঁতের ব্যথা হলে কিছু গোলমরিচ মুখে রাখলে ভালো হয়। মরিচ দাঁতের ব্যথা নিরাময়ের জন্যও উপযুক্ত।

৪) নাক বন্ধ হওয়া এবং হাঁপানির মতো সমস্যা থেকে মুক্তি পেতেও গোলমরিচ খুবই উপকারী। এক কাপ ফুটন্ত পানিতে এক টেবিল চামচ গোলমরিচ এবং দুই টেবিল চামচ মধু যোগ করলে শ্লেষ্মা দূর হবে। একইসঙ্গে গলা ব্যথা কমায়।

৫) শীতের সংক্রমণ প্রতিরোধে গোলমরিচ খুবই উপকারী। ঠান্ডা লাগলে তুলসী পাতা ও গোলমরিচ দিয়ে পানি ফুটিয়ে নিয়ে খেতে পারেন। গোলমরিচে রয়েছে ভিটামিন সি, যা আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায় এবং আপনার শরীরকে শক্তিশালী রাখে।

■ আগ্রদূত ডেস্ক

# কবিতা

নক্ষত্র



তারা স্বচ্ছ সরোবর, কাজে সদা অবিচল
সেবা একমাত্র ব্রত ।
সুবিশাল পৃথিবীকে পেয়েছে যেমন,
করবে আরেকটু উন্নত ।

তীব্র বাতাস তারা, তারা মহাকাশ
গতি তাদের দুর্দান্ত !
পৃথিবী যখন দীর্ঘশ্বাস ফেলে,
তারা লড়ে অক্লান্ত ।

তারা মহাসমুদ্র, বিশাল জলরাশি
বিশ্বাসী-বন্ধু-বিনয়ী-সদয় ।
দুর্যোগে-দুর্ভোগে নিবেদিত প্রাণ,
সদাসর্বদা তারা দুর্জয় !

স্নিগ্ধ রোদ তারা, একঝাঁক পায়রা
প্রফুল্ল-মিতব্যয়ী-নির্মল ।
হানাহানি-রাহাজানির অশান্ত পৃথিবীতে
তারা শৃঙ্খল, প্রাণোচ্ছল !

তারা শান্তির দূত, রোভার স্কাউট !
জনক ব্যাডেন পাওয়েল ।
বিশ্ব ভ্রাতৃত্বের সুর তোলে তারা
শত্রুকে করে ঘায়েল ।

তারা অনির্বাণ, চির অম্লান
সেবা তাদের মূলমন্ত্র ।
পৃথিবী নামক মহাকাশে তারা
উজ্জ্বল নক্ষত্র !

লেখক:
মাহী আক্তার মীম
রোভার, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ
রোভার স্কাউট গ্রুপ, ঢাকা ও
সহ-সম্পাদক, অগ্রদূত, বাংলাদেশ স্কাউটস ।

# স্কাউট কলাম



## আমি কেন কাব স্কাউট হলাম

"থাকবো নাকো বদ্ধ ঘরে
দেখবো এবার জগৎ টাকে
কেমন করে ঘুরছে মানুষ
যুগান্তরের ঘূর্ণিপাকে"
- কাজী নজরুল ইসলাম

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের "সংকল্প" কবিতাটি আমাদের সকলের জানা, নজরুলের এই কবিতাটি উপলব্ধি করেই আমার স্কাউটিং এর পথে যাত্রা শুরু। আমি কাব স্কাউট আফরা আরওয়া জাহান ২০২২ সালে এম.এ. মোতালেব পাটয়ারী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ শ্রেণিতে ভর্তি হই। বিদ্যালয়ে ভর্তির কিছুদিন পর দেখলাম বিদ্যালয় মাঠে কিছু শিক্ষার্থী বিদ্যালয়ের নির্ধারিত পোশাক পরিধান না করে অন্য পোশাক পরে মাঠ পরিষ্কার করছে, শ্রেণিতে-মাঠে নেতৃত্ব দিচ্ছে। বিদ্যালয়ের স্টুডেন্ট কাউন্সিল নির্বাচনে তারা সুশৃঙ্খলভাবে নির্বাচন পরিচালনা করছে এবং মিটিং করছে। তাদের এইসব কর্মকান্ড আমাকে মুগ্ধ করেছে। তাদের দেখে আমার কাব স্কাউটিং সম্পর্কে জানতে ইচ্ছে করেছে। এরপর আমি আমার মা যিনি এই বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষক, তাঁর কাছে স্কাউটিং সম্পর্কে জানতে চাইলাম। মা আমাকে জানালেন, স্কাউটিং হলো এমন একটি আন্তর্জাতিক শিক্ষামূলক ও অরাজনৈতিক সংগঠন যার মাধ্যমে শিশু-কিশোর ও যুবকদের শারীরিক, মানসিক, সামাজিক, বুদ্ধিবৃত্তিক ও আধ্যাত্মিক বিষয়ে জ্ঞান দান করে সুনাগরিক করে গড়ে তোলে। স্কাউটিং শিশুদের নিয়মানুর্বর্তীতা ও শৃঙ্খলা শেখায়। শিক্ষার্থীদের চরিত্র গঠনে ও সত্যবাদী হওয়ার শিক্ষা দেয়। স্কাউটিং ছেলে ও মেয়েদের চৌকস হতে সাহায্য করে। স্কাউটিং বিশ্বভ্রাতৃত্ব ও বন্ধুত্বের সুযোগ সৃষ্টির মাধ্যমে উদারতার শিক্ষা দেয়। এছাড়াও স্কাউটিং জীবনমুখী শিক্ষা দেয় যাতে করে যেকোন পরিবেশে নিজেকে মানিয়ে নিতে পারে। স্কাউটরা আত্মনির্ভরশীল হয় তারা কর্মঠ হয়, শ্রমের মর্যাদা দিতে শিখে। মা আমাকে আরও বলেন স্কাউটিং ছেলে মেয়েদের শরীর মন সবল রাখতে সাহায্য করে। স্কাউটরা অবসর সময় হেলায় না নষ্ট করে গঠনমূলক কাজে নিজেকে সম্পৃক্ত করে মূল্যবোধ অবক্ষয় রোধে সহায়তা করে।

মায়ের কথা আর নজরুলের কবিতা আমাকে এত বেশি অনুপ্রাণিত করে যে আমি ২০২৩ সালে আমার বিদ্যালয়ের কাব ইউনিটে যোগ দিই। কাব ইউনিটে যোগদান করার পর আমার মধ্যে নেতৃত্ব দেওয়ার গুণটি প্রকাশ পেয়েছে। আমিও এখন অন্য কাবদের সাথে বিদ্যালয়ে শৃঙ্খলা, পরিচ্ছন্নতার কাজে সাহায্য করছি। এই কাব ইউনিটে যোগ দেওয়ার পর আমার সব থেকে বড় প্রাপ্তি হলো আমি জাতীয় প্রতিভা অন্বেষণ প্রতিযোগীতা ২০২৩ এ অংশগ্রহণ করি। সত্যিই কাব স্কাউটিং আমার মধ্যে যে পরিবর্তন এনেছে তার জন্য আমি স্কাউটিং এর জনক রবার্ট স্টিফেনশন স্মিথ লর্ড ব্যাডেল পাওয়েল অব গিলওয়েল (বি.পি) কে কৃতজ্ঞতাচিত্তে স্মরণ করি এবং তাঁর স্কাউটিং এর মূলনীতি ধারণ করে সুন্দর সমাজ গঠনে অঙ্গীকারবদ্ধ হই।

লেখক:
আফরা আরওয়া জাহান
কাব স্কাউট
এম.এ. মোতালেব পাট সরকারি প্রাথমিক বিদ্যালয় কাব ইউনিট
মাইজদী, সদর, নোয়াখালী।

জাতীয় কন্টেন্ট রাইটিং প্রতিযোগিতা ২০২৩-এ কাব স্কাউট শাখায় তৃতীয় স্থান অর্জনকারী

# বরমা কলেজ রোভার স্কাউটসের বার্ষিক তাঁবুবাস ও দীক্ষা অনুষ্ঠান



বরমা কলেজ রোভার স্কাউটস গ্রুপের আয়োজনে ২দিনব্যাপি বার্ষিক তাঁবুবাস ও দীক্ষা অনুষ্ঠান গতকাল ১৮অক্টোবর কলেজ মাঠে সম্পন্ন হয়। রোভার গ্রুপ সম্পাদক অধ্যাপক মোঃ খালেদুর রহমানের সঞ্চালনায় ও কলেজ অধ্যক্ষ কৃষিবিদ মোঃ জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে ক্যাম্পের মহাতাবুজলসা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম জেলা রোভারের কমিশনার অধ্যক্ষ মোহাম্মদ জসীম উদ্দীন, বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম জেলা রোভারের সম্পাদক অধ্যাপক মোঃ এ জেড এম বোরহান উদ্দীন এএলটি, জেলা রোভারের যুগ্ম সম্পাদক মোহাম্মদ এনাম, রোভার স্কাউট লিডার প্রতিনিধি ফজিলাতুন্নেছা ডলি, কলেজ গভর্নিং বডির সদস্য বাবু বলরাম চক্রবর্তী, শফিকুল ইসলাম মানিক, মোঃ সেলিম,সাংবাদিক শিবলী সাদিক কফিল, গার্ল ইন রোভার লিডার ঋতি নন্দি প্রমূখ। দুইদিন ব্যাপি প্রোগ্রামে রোভারদের বিপি পিটি, তাবুকলা, সাধারণ জ্ঞান, হাইকিং, স্কাউটস ওন, বনকলা, পাইওনিয়ারিং, তাঁবুজলসাসহ বিভিন্ন বিষয়ের উপর প্রতিযোগিতার আয়োজন করা হয়। পরে রোভারদের দীক্ষা প্রদান করে সার্টিফিকেট বিতরণ করে ক্যাম্প শেষ হয়।

বার্তা প্রেরক :
স্কাউটার মোহাম্মদ এনাম
যুগ্ম সম্পাদক
চট্টগ্রাম জেলা রোভার স্কাউটস।

# বরমা কলেজ রোভার স্কাউটসের সহচর ওরিয়েন্টেশন



চট্টগ্রাম জেলা রোভারের আওতাধীন বরমা কলেজ রোভার স্কাউটসের আয়োজনে নবাগত রোভার সহচর রিয়েন্টেশন গতকাল ১৭অক্টোবর কলেজ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। কলেজ অধ্যক্ষ মোঃ জাহাঙ্গীর আলমের সভাপতিত্বে ওরিয়েন্টেশনে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম জেলা রোভারের যুগ্ম সম্পাদক স্কাউটার মোহাম্মদ এনাম। গ্রুপ সম্পাদক অধ্যাপক মোঃ খালেদুর রহমানের সঞ্চালনায় বক্তব্য রাখেন রোভার স্কাউট লিডার অধ্যাপক ঋতি নন্দি, অধ্যাপক মোঃ আবুল মনছুর, অধ্যাপক মোঃ মোরশেদ, অধ্যাপক মোঃ জয়নাল আবেদীন সাতকানিয়া সরকারি কলেজের সিনিয়র রোভার মেট মোঃ শাহ কামাল, সরকারি সিটি কলেজের গার্ল ইন সিনিয়র রোভার মেট সাবিনা আক্তার প্রিয়া, সিনিয়র রোভার মেট বাহা উদ্দিন, মোঃ নুর হোসেন,রোভার মেট জিয়াউল হোসেন প্রমূখ। ওরিয়েন্টেশনে নবাগত রোভার সহচরদের স্কাউটিংয়ের বিভিন্ন বিষয়াদি সম্পর্কে অবহিত এবং লেখাপড়ার পাশাপাশি স্বেচ্ছাসেবী মনোভাব নিয়ে নিজেকে যোগ্য ও দক্ষ করে গড়ে তোলার জন্য রোভারিংয়ের বিভিন্ন দিকনির্দেশনা মূলক তথ্য প্রদান করা হয়। ওরিয়েন্টেশনে ৮০জন রোভার ও গার্ল ইন রোভার অংশগ্রহণ করেন। পরে রোভারদের পরিবেশনায় মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

বার্তা প্রেরক :
স্কাউটার মোহাম্মদ এনাম
যুগ্ম সম্পাদক
চট্টগ্রাম জেলা রোভার স্কাউটস।

# আয়ুব বিবি চসিক কলেজে স্কাউটিং বিষয়ক মতবিনিময়



চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়ুব বিবি কলেজ রোভার স্কাউটস গ্রুপের আয়োজনে সকল শিক্ষার্থীদের নিয়ে স্কাউটিং বিষয়ক মতবিনিময় অনুষ্ঠান গত ১৯অক্টোবর কলেজ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। কলেজ অধ্যক্ষ মোঃ মাহফুজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম জেলা রোভার স্কাউটসের যুগ্ম সম্পাদক স্কাউটার মোহাম্মদ এনাম, স্কাউট ব্যক্তিত্ব ছিলেন চট্টগ্রাম জেলা রোভারের সহযোজিত সদস্য অধ্যাপক মোঃ খালেদুর রহমান। গ্রুপ সম্পাদক স্কাউটার মোঃ জমির উদ্দিনের সঞ্চালনায় বক্তব্য রাখেন অধ্যাপক শ্যামা প্রসাদ বিশ্বাস, রোভার নাঈমা আকতার প্রমূখ। সকল শিক্ষার্থীর মধ্যে স্কাউটিং বিষয়ে জ্ঞান ও সম্যখ ধারণা দেওয়ার জন্য এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন স্কাউটিং বিশ্বব্যাপী একটি স্বেচ্ছাসেবী, শিক্ষামূলক ও অরাজনৈতিক গতিশীল আন্দোলন, যা যুব সম্প্রদায়কে সৎ, যোগ্য, দক্ষ ও সুনাগরিক হিসেবে গড়ে তোলে, তিনি সকল শিক্ষার্থীকে স্কাউটিংয়ের বিভিন্ন বিষয়ের উপর জ্ঞান অর্জন করার জন্য আহবান জানান। প্রায় ৩০০জন শিক্ষার্থী এতে অংশগ্রহন করেন।

বার্তা প্রেরক :
স্কাউটার মোহাম্মদ এনাম
যুগ্ম সম্পাদক
চট্টগ্রাম জেলা রোভার স্কাউটস ।

# রংপুর জেলা রোভারের আয়োজনে ৩৫৪তম স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত

স্কাউটিং কার্যক্রম সম্প্রসারণে এবং রংপুর জেলাকে শতভাগ স্কাউট জেলা করণের লক্ষে বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের পরিচালনায় রংপুর জেলা রোভার এর অর্থায়নে ও ব্যবস্থাপনায় ১৭ অক্টোবর মঙ্গলবার জেলা স্কাউট ভবন অডিটোরিয়াম এ দিনব্যাপী ৩৫৪তম স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়েছে।

সকালে কোর্সের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন রংপুর জেলার জেলা প্রশাসক ও রংপুর জেলা রোভারের সভাপতি মোহাম্মদ মোবাশ্বের হাসান। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন স্কাউটিংয়ের মাধ্যমে একজন ছেলে-মেয়ে আদর্শ নাগরিক হিসেবে গড়ে ওঠে। প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নে কলেজ পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে দুটি করে রোভার স্কাউট দল গঠনের লক্ষে এবং রংপুর জেলাকে শতভাগ স্কাউট জেলা স্কাউট রূপান্তর করতে সকলের প্রতি আহ্বান জানান। এসময় আরও উপস্থিত ছিলেন রংপুর জেলা প্রশাসনের সহকারি কমিশনার ও ম্যাজিস্ট্রেট প্রত্যয় হাশেম।

কোর্সে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন বাংলাদেশ স্কাউটস রংপুর জেলা রোভারের কমিশনার প্রফেসর ড. আরেফিনা বেগম-এলটি এবং প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের রংপুর বিভাগীয় রোভারনেতা প্রতিনিধি কাজী এ.এম জাকিউল ইসলাম-এএলটি, রংপুর জেলা রোভারের সম্পাদক মহাদেব কুমার গুন, গাইবান্ধা জেলা রোভারের জেলা রোভার স্কাউট লিডার তামজিদুর রহমান তুহিন, রংপুর জেলা রোভারের রোভার স্কাউট লিডার আব্দুর রহমান মিন্টু।

সংবাদ প্রেরক :
মোঃ রেজওয়ান হোসেন সুমন
অগ্রদূত সংবাদদাতা, রংপুর ও
জেলা সিনিয়র রোভারমেট প্রতিনিধি
রংপুর জেলা রোভার।

# রংপুরে শিক্ষা অফিসারদের সাথে স্কাউটিং বিষয়ক সমন্বয় সভা অনুষ্ঠিত









স্কাউটিং কার্যক্রম সম্প্রসারণের এবং প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ স্কাউটিং কার্যক্রম চালু করণের লক্ষে বাংলাদেশ স্কাউটস দিনাজপুর অঞ্চলের আয়োজন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল এর ব্যবস্থাপনায় ০৪অক্টোবর বুধবার রংপুর বিভাগের ৮জেলার জেলা শিক্ষা অফিসার এবং ৫৮উপজেলার মাধ্যমিক শিক্ষা অফিসার ও ৮ জেলার জেলা স্কাউটস সম্পাদকবৃন্দের সাথে স্কাউটিং বিষয়ক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

সকালে রংপুরের সরকারি টিচার্স ট্রেনিং কলেজ মিলনায়তনে সমন্বয় সভার উদ্বোধন করেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল উপপরিচালক এবং বাংলাদেশ স্কাউটস দিনাজপুর অঞ্চলের আঞ্চলিক কমিশনার মোঃ শফিকুল ইসলাম। আঞ্চলিক স্কাউটসের কোষাধ্যক্ষ মোঃ মনজুরুল হক এর সভাপতিত্বে এতে বক্তব্য রাখেন আঞ্চলিক সম্পাদক মোঃ আবু সাঈদ।

সমন্বয় সভায় স্কাউটিং বিষয়ক মূল তথ্য উপস্থাপন করেন দিনাজপুর অঞ্চলের আঞ্চলিক উপপরিচালক মোঃ আব্দুর রশিদ এবং তথ্য উপস্থাপনে সহযোগী হিসেবে ছিলেন দেবীগঞ্জ স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রের উপপরিচালক মোঃ আব্দুল্লাহ আল মামুন ও রংপুর জোনের সহকারী পরিচালক সুধীর চন্দ্র বর্মন।

সমন্বয় সভায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউট দল গঠন, নির্ধারিত স্কাউট ফি আদায় বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এর পূর্বে একই ভেন্যুতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, রংপুর অঞ্চলের উপ পরিচালক মোঃ শফিকুল ইসলাম এর সভাপতিত্বে জেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

সংবাদ প্রেরক :
মোঃ রেজওয়ান হোসেন সুমন
অগ্রদূত সংবাদদাতা, রংপুর ও
জেলা সিনিয়র রোভারমেট প্রতিনিধি
রংপুর জেলা রোভার।

# সিরাজগঞ্জে স্কাউটদের প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা পুরস্কার বিতরণ




পৃথিবীর সব শিশু ও কিশোরদের মেধা ও প্রতিভা আছে। শিশু ও কিশোরদের প্রতিভা বিকাশের অন্যতম মাধ্যম হল স্কাউটিং। স্কাউটদের সুপ্ত প্রতিভা বিকাশের জন্যই বাংলাদেশ স্কাউটস আয়োজন করছেন প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা। এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে স্কাউটরা-সহশিক্ষা কার্যক্রমে নিজেদের যোগ্যতা ও সামর্থ্য প্রমান করতে পারে। বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চলের পরিচালনায় বাংলাদেশ স্কাউটস স্পেশাল ইভেন্টস বিভাগ কর্তৃক আয়োজিত ও বাংলাদেশ স্কাউটস সিরাজগঞ্জ জেলা স্কাউটসের আয়োজনে প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

২১ অক্টোবর ২০২৩ তারিখ সকালে শহরের প্রধান ডাক ঘর সংলগ্ন সিরাজী রোডস্থ স্কাউট ভবণে সকল স্কাউটদের অংশগ্রহণে প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা ২০২৩ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠানের সভাপতি ও বাংলাদেশ স্কাউটস, সিরাজগঞ্জ জেলা সম্পাদক সরকার ছানোয়ার হোসেন (এলটি) এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিতি থেকে বিভিন্ন প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার হাতে তুলেদেন ও স্কাউটদের উদ্দেশ্য দিকনির্দেশক মূলক বক্তব্য রাখেন, বাংলাদেশ স্কাউটস, রাজশাহী অঞ্চলের আঞ্চলিক উপ কমিশনার (স্পেশাল ইভেন্টস) মো. মাহমুদুল হক।

অনুষ্ঠানের প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, 'প্রতিভার পুরস্কার বিতরণ সংস্কৃতি চর্চা মানুষের মনকে বড় করে ও প্রতিযোগিতার মাধ্যমে জেলা উপজেলা ও জাতীয় পর্যায়ে স্কাউটদের মেধা বাছাই করা হয়েছে। তবে আমি মনে করি বাংলাদেশ স্কাউটের সঙ্গে যারা জড়িত তারা প্রত্যেকে প্রতিভাবান। প্রতিভা না থাকলে, এই জাতীয় মহৎ কাজে নিয়োজিত থাকা যায় না। নিজের জেলাতে কবিতা, আবৃত্তি দেশাত্মবোধকগান, পল্লীগীতি, নাচ, কেরাত, মূকাভিনয়, আযান, রবীন্দ্র সংগীত, নজরুল সংগিত, বাংলা ভাষায় উপস্থাপন, এমন নানাবিধ কাজে শ্রেষ্ঠত্ব প্রমাণ করে এখানে এসেছে ; যা ভীষণভাবে আমাদের অনুপ্রাণিত করে। আগামির পৃথিবীটা শিশুদের মতো সুন্দর হয়ে উঠুক। ব্যর্থতার গ্লানি ঘুচিয়ে এই শিশুরাই ২০৪১ সালে নান্দনিক বাংলাদেশ গঠন করবে বলে আমরা আশাবাদ ব্যক্ত করছি'।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন, সহকারী পরিচালক বাংলাদেশ স্কাউটস, সিরাজগঞ্জ ও পাবনা জেলা জনাব মোহাম্মদ আবু সাঈদ, কোষাধ্যক্ষ বাংলাদেশ স্কাউটস, সিরাজগঞ্জ জেলা মো. আব্দুল মজিদ মিয়া, সহকারী কমিশনার বাংলাদেশ স্কাউটস, সিরাজগঞ্জ জেলা মো. খালেকুজ্জামান খান, বাংলাদেশ স্কাউটস, সিরাজগঞ্জ সদর উপজেলার স্কাউট কমিশনার মো. সাজেদুল ইসলাম, সাধারণ সম্পাদক মো. রফিকুল ইসলাম, (এ. এলটি), জেলা কাব লিডার মো. আইউব আলী, অন্বেষণ মুক্ত স্কাউট দলের প্রতিষ্ঠাতা সম্পাদক মোঃ হোসেন আলী (ছোট্ট) প্রমুখ। প্রতিযোগিতাকে ঘিরে সিরাজগঞ্জ জেলা স্কাউটসের অন্তর্ভুক্ত উপজেলা পর্যায়ে এবং এর আশেপাশে এলাকায় উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়।

সংবাদ প্রেরক:
মো. হোসেন আলী (ছোট্ট)
অগ্রদূত জেলা সংবাদদাতা, সিরাজগঞ্জ।

# জোটা জোটি-২০২৩ এর সফল বাস্তবায়ন




বিশ্বের বৃহত্তম অ্যামেচার রেডিও এবং অনলাইন স্কাউট ইভেন্ট জোটা-জোটি। যার পূর্ণরুপ জাম্বুরি অন দ্য এয়ার (জোটা) এবং জাম্বুরি অন দ্য ইন্টারনেটে (জোটি)। যা সারা বিশ্বের স্কাউটদের জন্য উন্মুক্ত; আয়োজনটি তরুনদের ইন্টারনেট ও অ্যামেচার রেডিও ব্যবহার করে একে অপরের সাথে সম্পৃক্ত হতে সাহায্য করে এবং নিজেদের মধ্যে যোগাযোগ সৃষ্টিতে সক্ষম করে তোলে। প্রতিবছর এই কার্যক্রম সারা বিশ্বব্যাপি একযোগে অনুষ্ঠিত হয়ে থাকে; তাই এ বছর বিশ্ব স্কাউট সংস্থার সদস্যভূক্ত ১৭৪ টি দেশে ৬৬ তম জোটা ও ২৭ তম জোটি সফল ভাবে বাস্তবায়িত হয়েছে ২০ থেকে ২২ অক্টোবর ২০২৩।

সদস্য দেশ হিসেবে সু-বিস্তৃত এই অনলাইন কার্যক্রমটি বাস্তবায়নে এবং বাংলাদেশ স্কাউটস এর স্কাউট সদস্যদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করতে ২১ অক্টোবর, ২০২৩ জাতীয় সদর দফতরের শামস হলে জোটা-জোটির উদ্বোধন করেন বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার জনাব ড. মোঃ মোজাম্মেল হক খান। উদ্বোদনের পর দেশের প্রায় প্রতিটি জেলায় বেইজ স্টেশন স্থাপন করা হয়। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ স্কাউটস ঢাকা জেলা রোভারের জোটা-জোটির বেইজ স্টেশন স্থাপিত হয় ঢাকাস্থ অন্যতম সুপরিচিত বিশ্ববিদ্যালয় "ইস্টার্ন ইউনিভার্সিটি" এ স্থায়ী ক্যম্পাস বিরুলিয়া, সাভারে।

এই বেইস স্টেশন থেকে ঢাকা জেলা রোভারের আওতাধীন বিভিন্ন কলেজ, পলিটেকনিক, বিশ্ববিদ্যালয় ও মুক্ত দলের প্রায় শতাধিক রোভার ও গার্ল-ইন-রোভার অংশগ্রহণ করে এবং তারা সফলভাবে জোটা জোটির ব্যাজ অর্জন করে।

সংবাদ প্রেরক:
রাজমিন আক্তার
সিনিয়র রোভার মেট
ইউনাইটেড ওপেন স্কাউট গ্রুপ, ঢাকা।





# ব্রাদারহুড ওপেন স্কাউট গ্রুপ এর দুইজন রোভারের ১৫৪ কিঃমিঃ পায়ে হেটে পরিভ্রমণ সম্পন্ন







বাংলাদেশ স্কাউটস রংপুর জেলা রোভার এর অধিনস্ত ব্রাদারহুড ওপেন স্কাউট গ্রুপ, রংপুর এর দুইজন সেবা স্তরের রোভার মোঃ তানভীর ইসলাম খান ও রোভার রেজাউল করিম রেজভী। তাদের সেবা স্তরে রোভার প্রোগ্রাম বাস্তবায়ন ও প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জনের লক্ষ্যে গাছ লাগান, পরিবেশ বাঁচান থীম নিয়ে ১৭-২১ অক্টোবর, ২০২৩ রংপুর সদর উপজেলা হতে জলঢাকা, লালমনিরহাট, কুড়িগ্রাম সদর (ত্রিমোহনী বাজার, বঙ্গবন্ধু মুরাল, কুড়িগ্রাম) পর্যন্ত মোট ১৫৪ কিঃমিঃ পথ পায়ে হেটে পরিভ্রমণ সমাপ্ত করেন।

তারা ১৭ অক্টোবর ২০২৩ তারিখ প্রথম দিন রংপুর সদর উপজেলা পরিষদ রংপুর হতে জলঢাকা উপজেলা পরিষদ, নীলফামারী পর্যন্ত ৩৯ কিঃমিঃ। ১৮ অক্টোবর ২০২৩ তারিখ দ্বিতীয় দিন জলঢাকা উপজেলা পরিষদ, নীলফামারী হতে হাতিবান্ধা উপজেলা পরিষদ, লালমনিরহাট ৩৮ কিঃমিঃ। ১৯ অক্টোবর ২০২৩ তারিখ, তৃতীয় দিন হাতিবান্ধা উপজেলা পরিষদ, লালমনিরহাট হতে কাকিনা বাজার, কালীগঞ্জ, লালমনিরহাট ৩১ কিঃমিঃ। ২০ অক্টোবর ২০২৩ তারিখ চতুর্থ দিন কাকিনা বাজার, কালীগঞ্জ, লালমনিরহাট হতে লালমনিরহাট ডিসি অফিস ১৯ কিঃমিঃ এবং ২১ অক্টোবর ২০২৩ তারিখ পঞ্চম দিন লালমনিরহাট ডিসি অফিস হতে ত্রিমোহনী বাজার, বঙ্গবন্ধু মুরাল, কুড়িগ্রাম পর্যন্ত ২৭ কিঃমিঃ মোট ১৫৪ কিঃমিঃ পথ পায়ে হেটে পরিভ্রমণ করেন।

১৬ অক্টোবর ২০২৩ তারিখ রংপুর জেলা প্রশাসক ও রংপুর জেলা রোভার এর সভাপতি মহোদয় জনাব মোহাম্মদ মোবাশ্বের হাসান এর আনুষ্ঠানিক অনুমতি নিয়ে পরিভ্রমণ এর শুভারম্ভ হয়। এবং ২১ অক্টোবর ২০২৩ তারিখ কুড়িগ্রাম জেলা প্রশাসক ও কুড়িগ্রাম জেলা রোভার সভাপতি জনাব মোহাম্মদ সাইদুল আরীফ এর সাথে সৌজন্যে সাক্ষাৎ করে, তিনি রংপুর জেলা রোভার ও ব্রাদারহুড ওপেন স্কাউট গ্রুপ এর এই দুই রোভারদের জন্য শুভকামনা জানান এরই মধ্যে দিয়ে রোভারদের ৫ দিনে ১৫৪ কিঃমি পরিভ্রমণ এর সমাপ্তি ঘটে।

সংবাদ প্রেরক:
মো. আবু হাসনাত
সহ-সম্পাদক, অগ্রদূত



# সেবা মুক্ত স্কাউট দলের উদ্যোগে দরিদ্র ও দুস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ





"আর নয় পরনির্ভরশীলতা, নিজ কর্মে বাঁচুক বাংলার নারী" এই প্রতিপাদ্য শোগানকে সামনে রেখে সিরাজগঞ্জে ঐতিহ্যবাহী সেবা মুক্ত স্কাউট গ্রুপ দরিদ্র ও দুস্থ মহিলাদের স্বাবলম্বী করার লক্ষ্যে সেলাই মেশিন বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

১১ নভেম্বর সকালে পৌর শহরের এসএস রোডে ফজল বিপনী মার্কেটে সেবা মুক্ত স্কাউট গ্রুপের সার্বিক ব্যবস্থাপনায় আমেরিকা প্রবাসী বাংলাদেশীদের আর্থিক সহযোগিতায় সেলাই মেশিন বিতরণ অনুষ্ঠানের সভাপতি সেবা মুক্ত স্কাউট গ্রুপের সভাপতি এম. এম কামরুল হাসান পি আর এস এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দরিদ্র ও দুস্থ মহিলাদের হাতে সেলাই মেশিন তুলেদেন সিরাজগঞ্জ জেলার মাননীয় জেলা জজ ফজলে খোদা মোঃ নাজির।

অনুষ্ঠানের প্রধান অতিথি জেলা জজ ফজলে খোদা মো. নাজির তিনি বলেন, দেশের নারীরা এখন আর পিছিয়ে নেই। সমাজে পিছিয়ে পড়া নারীদের স্বাবলম্বী করতে নানামুখী পদক্ষেপ বাস্তবায়ন করে উচিৎ। একই উদ্দেশে সিরাজগঞ্জ সদর উপজেলায় ও ইউনিয়নে এ সব নারীকে সেলাই মেশিন প্রদান করেছেন বলে জানান তিনি।


তিনি আরো বলেন, হতদরিদ্রদের আত্মনির্ভরশীল করার জন্য সেবা মুক্ত স্কাউট গ্রুপ উদ্যোগ গ্রহণ করেছে তা সত্যিই প্রশংসনীয়। সমাজের অসচ্ছল ও হত দরিদ্র মানুষের আর্থিক সচ্ছলতার জন্য সেবা মুক্ত স্কাউট গ্রুপটি সকল সময়ে তারা ছাত্র-ছাত্রীদের মাঝে গরীব মেধা বৃত্তি প্রদান করে থাকে, অসহায় ও দুস্থ মানুষের পাশে কাজ করে চলেছে। ভবিষ্যৎ এই মুক্ত স্কাউট গ্রুপটি কাজ করে যাবে। দুঃখী মানুষের মুখে হাসি ফুটিয়ে আসছে। মানুষকে আরো ভালো ও উন্নত সেবা দেওয়ার জন্য বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা নিয়ে সামনে এগিয়ে যাবে এই প্রত্যাশা ব্যক্ত করেন তিনি।অনুষ্ঠানের সভাপতি এম এম কামরুল হাসান পি আর এস, তিনি বলেন, বলেন, আমরা সিরাজগঞ্জ সদর ও ইউনিয়ন পর্যায়ে দরিদ্র ও দুস্থ মহিলাদেরকে সেলাই মেশিন ও যে এলাকায় বিশুদ্ধ খাবার পানী খাওয়ার জন্য টিউবয়েল নেই সে সব এলাকায় সংগঠনের থেকে যথাযথ ভাবে বাস্তবায়ন করে থাকি। সেই আলোকে আমরা আজকে এই সেলাই মেশিনগুলো প্রশিক্ষিত দুস্থ মহিলা মাঝে বিতরণ করছি। আমাদের উদ্দেশ্য পুরুষের পাশাপাশি নারীদেরও দেশের উন্নয়ন কাজে সামিল করা। সেজন্য সরকার নারী দক্ষতা উন্নয়ন নারী ক্ষমতায়ন, নারী সুরক্ষাসহ নানান বিষয়ে জোর দিচ্ছে। তাছাড়া নারী পুরুষ একত্রিত হয়ে কাজ না করলে ২০৪১ সালে প্রধানমন্ত্রীর উন্নত দেশ গড়ার যে স্বপ্ন সেটি বাস্তবায়ন হবেনা। তাই দেশ উন্নয়নে নারী-পুরুষ সকলে একত্রিত হয়ে কাজ করতে হবে। এসময়ে উপস্থিত ছিলেন, সেবা মুক্ত স্কাউট গ্রুপের সহ-সভাপতি ও যমুনা টেলিভিশন স্টাফ রিপোর্টার গোলাম মোস্তফা রুবেল, গ্রুপ সম্পাদক রফিকুল ইসলাম শামীম, প্রভাষক মো. আসলাম হোসেন, সিরাজগঞ্জ জেলা রোভারের সহকারী কমিশনার সাখাওয়াতৎ হোসেন প্রিন্স, এসময়ে আরো উপস্থিত ছিলেন সেবা মুক্ত স্কাউট গ্রুপের স্কাউট সদস্য, রোভার সদস্যবৃন্দ।

উল্লেখ্য, সিরাজগঞ্জে দরিদ্র ও দুস্থ মহিলাদের মাঝে ১৯টি সেলাই মেশিন উপহার দিয়েছে সংগঠনটি। সেলাই মেশিন উপহার পেয়ে হাসি ফুটেছে অসহায় এসব নারীর মুখে। এবং ১২ টি টিউবয়েল দেওয়া হয়েছে।

সংবাদ প্রেরক:
মো. হোসেন আলী (ছোট্ট)
অগ্রদূত জেলা সংবাদদাতা, সিরাজগঞ্জ

# দিনাজপুর অঞ্চলে ৪২০তম স্কাউট ইউনিট লিডার অ্যাডভান্সড কোর্স অনুষ্ঠিত



স্কাউটিং কার্যক্রম সম্প্রসারণে এবং দক্ষ স্কাউট নেতৃবৃন্দের সংখ্যা বৃদ্ধিকরণে প্রশিক্ষণ স্কীমের অংশ হিসেবে বাংলাদেশ স্কাউটস দিনাজপুর অঞ্চলের পরিচালনায় আঞ্চলিক স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র দশমাইল দিনাজপুরে ১১নভেম্বর থেকে ১৬নভেম্বর ২০২৩পর্যন্ত ০৬দিনব্যাপী অনুষ্ঠিত হয়েছে ৪২০তম স্কাউট ইউনিট লিডার অ্যাডভান্সড কোর্স ২০২৩।

কোর্সে দিনাজপুর অঞ্চলের আওতাধীন তথা রংপুর বিভাগের ৮জেলার স্কাউট বেসিক কোর্স সম্পন্ন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩৮জন শিক্ষক-শিক্ষিকাবৃন্দ প্রশিক্ষনার্থী হিসেবে স্বতঃস্ফূতভাবে অংশগ্রহণ করেন। কোর্সের কোর্স লিডার হিসেবে দায়িত্ব পালন করেন বাংলোদেশ স্কাউটসের লিডার ট্রেনার ও দিনাজপুর অঞ্চলের আঞ্চলিক উপকমিশনার (সমাজ উন্নয়ন ও স্বাস্থ্য) স্কাউটার মোঃ আরিফ হোসে চৌধুরী। প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন বাংলোদেশ স্কাউটসের লিডার ট্রেনার ও জাতীয় নির্বাহী কমিটির সদস্য স্কাউটার মোঃ মাহবুবুল আলম প্রামানিক, সাবেক আঞ্চলিক কমিশনার ও সহকারি লিডার ট্রেনার স্কাউটার মোঃ আখতারুজ্জামান, জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র দেবীগঞ্জ এর উপ-পরিচালক ও সহকারি লিডার ট্রেনার মোঃ আব্দুল্লাহ আল মামুন, জামালপুর জেলা রোভারের সম্পাদক ও সহকারি লিডার ট্রেনার স্কাউটার কমল কান্তি গোপ, দিনাজপুর অঞ্চলের সম্পাদক স্কাউটার মোঃ আবু সাঈদ-উডব্যাজার, রংপুর জেলা স্কাউটের সম্পাদক মোঃ আব্দুর রহিম-উডব্যাজার স্কাউটার মোছাঃ লায়লা সরকার-উডব্যাজার, স্কাউটার মোহাম্মদ আব্দুল আউয়ালউডব্যাজার, স্কাউটার মোঃ ইসরাইল হোসেন-উডব্যাজার।

০৬দিন ব্যাপী এই কোর্সে ভোর ৫টা থেকে রাত্রি ৯টা পর্যন্ত স্কাউটিং বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক সেশনে প্রশিক্ষনার্থীবৃন্দ ব্যস্ত সময় পার করে। ভোর থেকে গভীর রাত্রি পর্যন্ত প্রশিক্ষণার্থীদের পদচারনায় মুখরিত ছিলো কোর্স ভেন্যু।

১৫ নভেম্বর রাত্রে অনুষ্ঠিত হয় মহা তাঁবু জলসা। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস দিনাজপুর অঞ্চলের সভাপতি ও মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড দিনজপুর এর চেয়ারম্যান প্রফেসর স ম আব্দুস সামাদ আজাদ। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন স্কাউট একটি দক্ষ, পরিক্ষিত ও প্রশিক্ষিত সংগঠন। স্কাউটরা দেশের ক্রান্তিলগ্নে সব সংগঠনের চেয়ে সবার আগে এগিয়ে আসে। স্কাউটের মূলমন্ত্রকে তাঁরা মনে লালন ও ধারণ করে নিজকে ও দেশকে সমৃদ্ধ করতে সদা প্রস্তুত রয়েছে বলে মন্তব্য করেছেন। তিনি আরো বলেন, বর্তমান সময়ে প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি স্কাউটিংয়ের বিকল্প নেই। স্কাউটের মূলমন্ত্রে উজ্জীবিত হয়ে পারিবারিক, সামাজিক ও জাতীয় পর্যায়ে নিজেকে বিকশিত করার অন্যতম মাধ্যম হলো স্কাউটিং। প্রতিদিন যে কোন ভালো কাজের মাধ্যমে স্কাউটরা জনকল্যাণমুখী কাজ করে যাচ্ছে। তাই কোর্সে আগত প্রশিক্ষণার্থী শিক্ষকদের নিজ প্রতিষ্ঠানে ফিরে গিয়ে দক্ষ ইউনিট গঠন করার আহবান জানান তিনি।

এসময় দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সচিব প্রফেসর মোঃ আবু সায়েম, বাংলাদেশ স্কাউটস দিনাজপুর অঞ্চলের অঞ্চলিক উপপরিচালক মোঃ আব্দুর রশীদ, আঞ্চলিক কোষাধ্যক্ষ মোঃ মনজুরুল হক সহ স্থানীয় স্কাউট নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

১৬ নভেম্বর কোর্স মূল্যায়ন ও সফলতার সাথে কোর্সে অংশ্রগ্রহণের স্বীকৃতিস্বরূপ প্রশিক্ষনার্থীদের মাঝে সনদ পত্র বিতরন এবং দুপুরে আনুষ্ঠানিক ভাবে স্কাউট পতাকা অবনমনের মাধ্যমে কোর্সের সফল সমাপ্তি ঘটে।

সংবাদ প্রেরক:
মোঃ রেজওয়ান হোসেন সুমন
জেলা সিনিয়র রোভারমেট প্রতিনিধি
রংপুর জেলা রোভার।

স্কাউট সংবাদ

# প্রশিক্ষণ ছাড়া মানবজীবনের সফলতা অর্জন করা সম্ভব নয়
# মীর মোহাম্মদ মাহবুবুর রহমান-জেলা প্রশাসক, সিরাজগঞ্জ







একজোড়া প্রশিক্ষণ প্রাপ্ত চোখ, এক ডজন প্রশিক্ষণহীন চোখ, এই পতিপাদ্যকে সামনে রেখে সিরাজগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট রোভার স্কাউট গ্রুপ নবাগত রোভারদেরকে দীক্ষা গ্রহণের মাধ্যমে স্কাউটিংয়ে যোগদান করার মাধ্যমে একজন নব দীক্ষিত রোভার রোভারিংয়ে প্রবেশ করে।

১২ নভেম্বর ২০২৩ তারিখ সকালে সিরাজগঞ্জ সদর উপজেলা ফকিরতলায় নামক স্থানে সিরাজগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট রোভার স্কাউট গ্রুপের আয়োজনে দীক্ষা গ্রহণ অনুষ্ঠানে সিরাজগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট অধ্যক্ষ ও গ্রুপসভাপতি প্রকৌশলী মো. ফজলুল হক এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিতি থেকে দিকনির্দেশনা মূলক বক্তব্য ও রাখেন, সিরাজগঞ্জ জেলা প্রশাসক ও সভাপতি বাংলাদেশ স্কাউটস, সিরাজগঞ্জ জেলা মীর মোহাম্মদ মাহবুবুর রহমান।

দীক্ষা গ্রহণ অনুষ্ঠানে প্রধান অতিথি তিনি তার বক্তব্য বলেন, প্রশিক্ষণ ছাড়া মানবজী-বনের সফলতা অর্জন করা সম্ভব নয়, ভালো কোন কিছু করতে হলে অবশ্যই সেই বিষয়ের উপরে প্রশিখন নিতে হবে। রোভার স্কাউটের সদস্যরা পড়ালেখার পাশাপাশি যুগোপযোগী বিভিন্ন বিষয়ে বাস্ত্ব প্রশিক্ষণ গ্রহণ করে থাকে। তাই তারা সৎ যোগ্য ও দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে ওঠে। আর এ সকল যোগ্য নাগরিকরাই আগামী দিনে দেশের নেতৃত্ব দিবে।

অনুষ্ঠানের সভাপতি প্রকৌশলী মো. ফজলুল হক তিনি বলেন, অধ্যায়নই ছাত্র জীবনের মূলমন্ত্র। তবে যে সকল শিক্ষার্থী স্কাউট আন্দোলনের সাথে সম্পৃক্ত হয়। তাঁদের সেবাদানের মত মহৎ কাজের সাথে যুক্ত হতে হয়। যা তাঁর ছাত্র জীবনের নিয়মিত দায়িত্বের সাথেই পালন করতে হবে। এজন্য একজন সাধারণ ছাত্র এবং স্কাউট আদোলনে যুক্ত ছাত্র দু'য়ের মধ্যে বেশ পার্থক্য পরিলক্ষিত হয়। কারণ, অধ্যয়নের সাথে সাথে আন্তঃব্যক্তিক সম্পর্ক তথা সামাজিক কার্যক্রমে যুক্ত হওয়ার অপূর্ব সুযোগ করে দেয় স্কাউট আন্দোলন। স্কাউটিং হলো - এক্সট্রা কারিকুলাম একটিভিটিজ অর্থাৎ নিয়মিত পাঠ্যক্রমিক কার্যক্রমের অতিরিক্ত বিষয়ে শেখা ও জানা।

স্কাউট বয়সী ছেলেমেয়ে - মেয়েদের জ্যেষ্ঠতম পর্যায় হলো রোভার স্কাউট। আজকে এই নব দীক্ষিত রোভার স্কাউটদের দীক্ষা গ্রহণের মাধ্যমে তারা রোভার দলের সদস্য হলো আমি তাদেরকে আমার তরফথেকে অভিন্দন জানাচ্ছি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিতি থেকে বক্তব্য রাখেন, বাংলাদেশ স্কাউটস, সিরাজগঞ্জ জেলা রোভারের কমিশনার প্রফেসর মো. আমিনুল ইসলাম (এলটি), সেবা মুক্ত স্কাউট গ্রুপের সভাপতি এম. এম কামরুল হাসান (পি আর এস), সিরাজগঞ্জ ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্সের স্টেশন অফিসার মো. আতাউর রহমান, পলিটেকনিক ইন্সটিটিউট রোভার স্কাউট গ্রুপের গ্রুপসম্পাদক- কনকেন্দু ভৌমিক সাবেক গ্রুপসম্পাদক ও জেলা রোভার স্কাউট লিডার মোঃ মহসিন আলী জেলা সিনিয়র রোভার মেট মোঃ মাছুম বিল্লাহ মাহী, সিনিয়র রোভার মেট মোঃ রাকিবুল হাসান, রোভার মেট মোঃ ইমন সরকার, মোঃ আব্দুল্লাহ, মোঃ আল মামুন গার্লইন রোবার সিনিয়র রোভার মেট - হাসি কাতুন সহ ইউনিটের সকল সদস্যবৃন্দ রোভার স্কাউট গ্রুপের সকল সদস্য পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষকও শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

সংবাদ প্রেরক:
মো. হোসেন আলী (ছোট্ট)
অগ্রদূত জেলা সংবাদদাতা, সিরাজগঞ্জ।

# শরীয়তপুরে নোংরা খাল ও এর পাড় পরিস্কার করেছে স্কাউট সদস্যরা










ছুটির অবসরে শরীয়তপুরের হাজী শরীয়তউল্লাহ মুক্ত স্কাউট গ্রুপ ও শরীয়তপুর মুক্ত রোভার স্কাউট গ্রুপ - এর যৌথ উদ্যোগে শরীয়তপুর সদরের বটতলা থেকে পাকার মাথা পর্যন্ত নোংরা খাল ও এর পাড় পরিস্কার করেছে স্কাউট সদস্যরা। ৩০ জন সদস্যের টানা ৬ দিনের নিরলস পরিশ্রমে খালটি পরিচ্ছন্ন করা হয়।



এসময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি বাংলাদেশ স্কাউটস শরীয়তপুর সদর উপজেলা জনাব জ্যোতি বিকাশ চন্দ্র। আরো উপস্থিত ছিলেন প্রজেক্ট সমন্বয়কারী ও সম্পাদক, হাজী শরীয়তউল্লাহ মুক্ত স্কাউট গ্রুপ স্কাউটার খায়রুল বাসার কল্লোল, এএলটি, সম্পাদক শরীয়তপুর মুক্ত রোভার স্কাউট গ্রুপ ও জেলা রোভার স্কাউট লিডার, বাংলাদেশ স্কাউটস, শরীয়তপুর জেলা জরাব কামরুল হাসান মোল্লা এবং শরীয়তপুর জেলা রোভারের সিনিয়র রোভার মেট প্রতিনিধিগণ।

সংবাদ প্রেরক:
অগ্রদূত জেলা সংবাদ দাতা, শরীয়তপুর।






# ঝিনাইদহে গবেষণা ও মূল্যায়ন ওয়ার্কশপ অনুষ্ঠিত











বাংলাদেশ স্কাউটস এর গবেষণা ও মূল্যায়ন বিভাগের ব্যবস্থাপনায় এবং বাংলাদেশ স্কাউটস ঝিনাইদহ জেলার আয়োজনে ৯ নভেম্বর ২০২৩ তারিখ জেলা স্কাউট ভবন, ঝিনাইদহে গবেষণা ও মূল্যায়ন ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়।

ওয়ার্কশপের উদ্বোধনী অনুষ্ঠানে অনলাইনে সংযুক্ত হন ঝিনাইদহ জেলার সাবেক জেলা প্রশাসক ও বর্তমান খুলনা বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) স্কাউটার জনাব সরোজ কুমার নাথ এবং বাংলাদেশ স্কাউটসের গবেষণা ও মূল্যায়ন বিভাগের উপ পরিচালক জনাব মোঃ মামুনুর রশীদ। ওয়ার্কশপের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলার জেলা প্রশাসক জনাব এস.এম. রফিকুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা প্রশাসনের সকল পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

জেলা পর্যায়ে অনুষ্ঠিত এই গবেষণা ও মূল্যায়ন ওয়ার্কশপে রিসোর্স পার্সন হিসাবে ছিলেন বাংলাদেশ স্কাউটস খুলনা অঞ্চলের আঞ্চলিক পরিচালক ও সম্পাদক জনাব মোহাম্মদ আবুল খায়ের-এলটি। ওয়ার্কশপ পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন ঝিনাইদহ জেলা স্কাউটসের সম্পাদক জনাব মুহাঃ আবু বকর ছিদ্দীক-এলটি, স্টাফ হিসাবে ছিলেন জেলা কমিশনার জনাব মোঃ মহিউদ্দীন, ঝিনাইদহ জেলার সহকারী পরিচালক জনাব দয়াময় হালদার প্রমুখ।

ওয়ার্কশপে ঝিনাইদহ জেলার সকল উপজেলা স্কাউটসের কমিশনার, সম্পাদক, উপজেলা কাব লিডার, উপজেলা স্কাউট লিডার, এএলটি ও এলটিবৃন্দ অংশগ্রহণ করেন।

সংবাদ প্রেরক:
অগ্রদূত জেলা সংবাদ দাতা, ঝিনাইদহ।

## ডেঙ্গু প্রতিরোধে করণীয়

- বর্ষায় (এপ্রিল-অক্টোবর) ডেঙ্গু জ্বরের প্রকোপ বাড়ে। এসময় অধিক সতর্ক থাকুন।
- ডেঙ্গু জ্বরের বাহক এডিস মশা পরিষ্কার পানিতে বংশ বিস্তার করে।
- অফিস, ঘর ও আশেপাশে পানি জমতে দিবেন না। যে কোন পাত্রে জমিয়ে রাখা / জমে থাকা পানি ৩ দিনের মধ্যে পরিবর্তন করুন।
- এডিস মশা সাধারণত দিনের বেলা কামড়ায়। যথাসম্ভব লম্বা পোশাক পরুন। দিনে ঘুমানোর ক্ষেত্রেও মশারী ব্যবহার করুন।








## ডেঙ্গু প্রতিকারে করণীয়

- তীব্র জ্বর, মাথাব্যাথা ও মাংসপেশীতে ব্যাথা, শরীরে লালচে দানা ইত্যাদি ডেঙ্গু রোগের লক্ষণ হলেও সাম্প্রতিক কালে এর ব্যতিক্রম পাওয়া যাচ্ছে।
- জ্বরে প্যারাসিটামল ব্যতীত অন্য ব্যাথানাশক ঔষধ খাওয়া বিরত থাকুন। রোগীকে বেশি বেশি তরল খাবার খাওয়ান।
- জ্বর হলে নিকটস্থ হাসপাতালে চিকিৎসকের পরামর্শ গ্রহণ করুন ও ডেঙ্গু জ্বরের পরীক্ষা করুন।
- জ্বর ভালো হওয়ার পরও ডেঙ্গুজনিত মারাত্মক জটিলতা দেখা দিতে পারে। তাই সতর্ক থাকুন ও হাসপাতালে চিকিৎসা গ্রহণ করুন।

জনস্বার্থে: জাতীয় ম্যালেরিয়া নির্মূল ও এডিস বাহিত রোগ নিয়ন্ত্রণ কর্মসূচী রোগ নিয়ন্ত্রণ শাখা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

DGHS MOH&FW BANGLADESH

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

World Health Organization Bangladesh

Regd. No. DA-35 Monthly The Agradoot Bangladesh Scouts, Year 67, Issue 11, Novembar-2023


SHOP
SCOUT
BANGLADESH




# স্কাউটস শপ, বাংলাদেশ স্কাউটস

- বাংলাদেশ স্কাউটসের সদর দফতরের নিচতলায় স্কাউট শপের অবস্থান।
- স্কাউট শপে স্কাউটিং সংক্রান্ত সকল পণ্য পাওয়া যায়।
- শপটি সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০টা পর্যন্ত খোলা থাকে।
- সরাসরি শপে উপস্থিত হয়ে নির্ধারিত মূল্যে পণ্য ক্রয় অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে ক্রয়কৃত পণ্য সরবরাহ করা হয়।

## যোগাযোগ

০১৯২৬-৩৩৪০৭০
০১৭২৩-৪৮০১৮২
০১৭৩১-৬৭৬৬০৭

scoutshopbs@gmail.com
Scout Shop – Bangladesh Scouts
https://www.facebook.com/scoutshopbd

বি.দ্রঃ বাংলাদেশ স্কাউটস কর্তৃক তৈরিকৃত স্কাউটিং পণ্যসামগ্রি সর্বসত্ব সংরক্ষিত। এসব পণ্যের নকল করা, বিনা অনুমতিতে উৎপাদন কিংবা বাজারজাত করা আইনত দন্ডনীয়।


Editor: Md Abdul Haque, Published by Unue Ching, Executive Director (Additional Charge) on behalf of Bangladesh Scouts, National Scout Bhaban 60, Anjuman Mufidul Islam Road, Kakrail, Dhaka-1000, Bangladesh. Phone: 9337714. Printed by: Sristy Printing and Packaging, Purana Paltan, Dhaka-1000